# ভারতের সুপ্রীম কোর্টে
# দেওয়ানী আপীলসম্বন্ধী ক্ষেত্রাধিকার

## ২০২৩-এর দেওয়ানী আপীল নং ৬১৭৪

ভুপাল পৌর নিগম — আপীলকারী (সমূহ)

বনাম

ডঃ সুভাষ সি. পান্ডে ও অন্যান্য — প্রতিবাদী (সমূহ)

সহ

## ২০২৩-এর দেওয়ানী আপীল নং ৭৭২৮

## আদেশ

১। নূতনভাবে যুক্ত প্রতিবাদীগণ সহ পক্ষগণের অনুকুলে মহামান্য কৌসুলির শুনানি হইয়াছে।

২। এই দুইটি আপীল কঠিন বর্জ্য ব্যবস্থাপনা নিয়মাবলী, ২০১৬ (সংক্ষেপে ''এসডব্লিউএম নিয়মাবলী, ২০১৬'') অনুযায়ী ভুপাল পৌর নিগম দ্বারা পরিবেশসম্বন্ধী অনুপালন সংক্রান্ত জাতীয় সবুজ ট্রাইবিউন্যাল (''এনজিটি'')-এর দুইটি ভিন্ন ভিন্ন আদেশ হইতে উদ্ভূত হইয়াছে। মধ্যপ্রদেশ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ (প্রতিবাদী নং ৩) অতিরিক্ত শপথপত্র ও বর্তমান অনুপালন স্থিতি প্রতিবেদন দাখিল করিয়াছেন।

৩। আমরা উক্ত প্রতিবেদন পুঙ্খানুপুঙ্খরূপে দেখিয়াছি, এবং আমরা এতদূর পর্যন্ত প্রতীতি হইয়াছি যে এসডব্লিউএম নিয়মাবলী, ২০১৬ পর্যাপ্তভাবে পালন করা হইয়াছে, কিন্তু এখনও ভুপাল পৌর নিগম কর্তৃক আরও কিছু কার্যকর করিবার আবশ্যকতা আছে। এক্ষণে, কঠিন বর্জ্য ব্যবস্থাপনা নিয়মাবলী, ২০২৬ (সংক্ষেপে ''এসডব্লিউএম নিয়মাবলী, ২০২৬'') বিধিবদ্ধ হইয়াছে, যাহা ০১.০৪.২০২৬ হইতে কার্যকর হইবে। নূতন নিয়মাবলী হইল দেশের কঠিন বর্জ্য ব্যবস্থাপনার সমস্যা চিহ্নিতকরণের ক্ষেত্রে সর্বার্থসার্থক নিয়মাবলী; ঐ কারণে এসডব্লিউএম নিয়মাবলী, ২০২৬-এর যে উদ্দেশ্য তাহার বাস্তবায়ন সুনিশ্চিত করিবার জন্য, আমরা যথাযোগ্য নির্দেশ জারির আবশ্যকতা আছে বলিয়া বিবেচনা করি, যে নির্দেশসমূহ কেবলমাত্র ভুপাল পৌর নিগমের ক্ষেত্রেই প্রযোজ্য নহে, তাহা সমগ্র দেশের ক্ষেত্রেই প্রযোজ্য। কারণ, এসডব্লিউএম নিয়মাবলী, ২০২৬ প্রসঙ্গে অনুপালনের স্থিতি স্থানীয় সংস্থাসমূহের দ্বারা আংশিকভাবে মানা হয় বা

AUTHENTICATED BY ME
Mahatman Tudu
07.07.2026
BENGALI TRANSLATOR
LAW DEPARTMENT
GOVT. OF WEST BENGAL

আদৌ মানা হয় না। এসডব্লিউএম নিয়মাবলী, ২০২৬ অনুসারে চ্যালেঞ্জগুলি একইভাবে উদ্দিষ্ট করিতে পারা যাইবে না যেভাবে ঐগুলি বিগত দিনে সংসদের দ্বারা যে প্রাধিকারের উপর ক্ষেত্রাধিকার বর্তিত হইয়াছিল সেই প্রাধিকারের দ্বারা উদ্দিষ্ট হইয়াছিল।

৪। সাধারণভাবে বলিলে বলিতে হয়, পরিচ্ছন্ন ও সুস্থ পরিবেশ হইল ভারতের সংবিধানের অনুচ্ছেদ ২১ দ্বারা প্রত্যাভূত প্রাণের অধিকারের একটি অবিচ্ছেদ্য অংশ। আদালতসমূহ বারংবার স্মরণ করিয়া দিয়াছেন যে, রাষ্ট্রের কর্তব্য হইল পরিবেশকে রক্ষা করা এবং তাহার মাধ্যমে সকল নাগরিকের কল্যাণ সুনিশ্চিত করা। অতএব ভারতের সংবিধানের অনুচ্ছেদ ২১ অনুযায়ী প্রত্যাভূত অধিকার কার্যান্বয়ন ও রক্ষা করিবার এখনই উপযুক্ত সময়।

৫। কেন্দ্রীয় দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত ২০২১-২২ সালের বার্ষিক প্রতিবেদন অনুযায়ী দেশের মধ্যে প্রতিদিন আনুমানিক ১৭০,০০০ টন পৌর কঠিন বর্জ্য গার্হস্থ্য, বাণিজ্যিক, শিল্পকারখানা ও আনুষঙ্গিক ক্রিয়াকলাপের ফলে উৎপাদিত হইয়াছিল। ঐ প্রতিবেদন মোতাবেক এই কঠিন বর্জ্যের প্রায় ১৫৬,০০০ টন বর্জ্য সংগৃহীত হইয়াছিল, প্রায় ৯১,০০০ টন বর্জ্যের ব্যবস্থা করা গিয়াছিল এবং ৪১,০০০ টন বর্জ্য মাটিতে পুঁতে দেওয়া হইয়াছিল। জনসংখ্যাবিষয়ক বাস্তবতা স্থানীয় সংস্থাসমূহের দ্বারা দাবিকৃত অবস্থানকে প্রতিজ্ঞাত করে না। আমরা লক্ষ্য করি যে, যদিও ভুপাল ও ইন্দোরের মতো বহু শহরে বর্জ্য সংগ্রহের ফলপ্রদতা বৃদ্ধি পাইয়াছে, তথাপি প্রক্রিয়াকরণে বাধাপ্রাপ্ত হওয়ায় প্রক্রিয়াকরণের হার আশানুরূপ নহে। অপ্রক্রিয়াজাত বর্জ্য প্রায়শই অবৈজ্ঞানিকভাবে মাটিতে পুঁতে দেওয়া বা বহু পুরনো আঁস্তাকুড়ে পরিণত হয়। স্থানীয় সংস্থাসমূহে সঞ্জাত অসংগৃহীত ও অগণিত কঠিন বর্জ্য হইল দেশের মধ্যে একটি চিরজীবী চ্যালেঞ্জ।

৬। আমরা এই সম্পর্কে সচেতন যে, কোনও মানুষ হয় প্রত্যক্ষভাবে অথবা অপ্রত্যক্ষভাবে, দূষণ না ঘটিয়ে থাকিতে পারেন না। সাংবিধানিক ও সংবিধিবদ্ধ পরিকল্পে যাহা গুরুত্বপূর্ণ তাহা হইল এই যে, মানুষের দ্বারা ও মানুষের ক্রিয়াকলাপের ফলে সঞ্জাত কঠিন বর্জ্যের সহিত সৃষ্ট অকৃতিমূলক বা সংঘটনাত্মক কোন কার্যের মাধ্যমে অন্যদের জীবনযাপনে প্রভাব ফেলিবার অধিকার কাহারও নাই। নিগম ও পৌরসংঘসমূহের নিকটে অবস্থিত কোন নিম্ন-আয়সম্পন্ন এলাকা/বস্তি/গ্রামগুলি কিন্তু নগর স্থানীয় সংস্থাসমূহে সঞ্জাত কঠিন বর্জ্য ফেলিবার আঁস্তাকুড় নহে। সংসদ, এই বিষয়ে তাহার প্রজ্ঞা ও অভিজ্ঞতার ভিত্তিতে এসডব্লিউএম নিয়মাবলী, ২০২৬-এর মাধ্যমে কঠিন বর্জ্য সম্পর্কে সর্বার্থসার্থকভাবে উদ্দেশ ও প্রতিবিধানের ব্যবস্থা করিয়াছেন।

AUTHENTICATED BY ME
Mahatman Tudu
07.07.2026
BENGALI TRANSLATOR
LAW DEPARTMENT
GOVT. OF WEST BENGAL

৭। অর্থনৈতিক অপচয়ে যে স্ফীতি তাহা দেশের অর্থনৈতিক বিকাশের চিত্রের সহিতও সংযুক্ত। মোড়কজাত পণ্যের ব্যবহার, কোনও স্থানের সংস্কারকার্যের ফলে সৃষ্ট বর্জ্য যত্রতত্র ফেলিয়া দেওয়া এবং অনলাইন ডেলিভারি পরিষেবার বাড়বাড়ন্তের ফলে বর্জ্যরূপে মোড়কীকরণের উপকরণের আমদানি বিপুল পরিমাণে চলিতেছে।

৮। বর্জ্য ব্যবস্থাপনা পরিচালনার জন্য এমএসডব্লিউ/ এসডব্লিউএম নিয়মাবলীর অনুপালন সমানভাবে চলিছে না। আদেশ থাকিলেও যে বর্জ্য সিক্ত, শুষ্ক এবং যে বর্জ্যের সংকটজনক প্রবণতা রয়েছে সেগুলিকে প্রাথমিক অবস্থাতেই পৃথকীকরণের যে কার্য তাহা এখনও বহু নগর এলাকায় বা গ্রামীণ এলাকায় সম্পূর্ণরূপে বাস্তবায়ন করা হয় নাই। মহানগরীয় এলাকায় এখনও বিপুল পরিমাণে আঁস্তাকুড় রহিয়াছে, যদিও সাম্প্রতিকতম আদেশ অনুযায়ী যথা-জ্ঞাপিত জৈব-প্রতিকারমূলক প্রয়াস প্রবর্তিত হইয়াছে।

৯। এই সন্ধিক্ষণে, দেশে কঠিন বর্জ্য ব্যবস্থাপনার মূল্যায়ণের বিষয়টি সকলের দৃষ্টিগোচর করা প্রাসঙ্গিক হইয়া পড়িয়াছে।

৯.১। প্রথম-প্রজন্মের নিয়মাবলী, অর্থাৎ কঠিন বর্জ্য ব্যবস্থাপনা নিয়মাবলী, ২০০০ পৌর প্রাধিকারীর উপর ও স্থানীয় সংস্থাসমূহের দ্বারা প্রাথমিকভাবে সংগ্রহ ও উহার নিষ্পত্তি কার্যের উপর ফোকাস করা হইয়াছিল। ঐ এসডব্লিউএম নিয়মাবলী, ২০১৬-এর মাধ্যমে পৌর এলাকা ছাড়াও ৩,০০০-এর অধিক জনসংখ্যাবহুল শহর, গ্রাম ও পঞ্চায়েত এলাকা ও উক্ত পৌর এলাকার মধ্যে অবস্থিত বিমানবন্দর ও রেলপথের মতো যথানির্দিষ্ট সত্ত্বাসমূহকে অন্তর্ভুক্ত করিবার সুযোগ রহিয়াছে। বর্তমান নিয়মাবলী, অর্থাৎ এসডব্লিউএম নিয়মাবলী, ২০২৬ ০১.০৪.২০২৬ তারিখ হইতে বলবৎ হইবে এবং উহা ডিজিটাল পরিপত্রণ সঞ্চয়ী কাঠামোতে অবস্থান্তরপ্রাপ্ত করা হইবে। ইহা ব্যাপক পরিমাণ থোক বর্জ্য উৎপাদক দায়িত্ব (সংক্ষেপে ''ইবিডব্লিউজিআর'')-এর উপস্থাপন করে এবং চতুঃবর্জ্যপ্রবাহেরও নির্দেশ করে।

৯.২। নিয়মাবলী ২০২৬ নিম্নলিখিত মাধ্যমে ঐতিহাসিক দৃষ্টিকোন হইতে অনুপালনে যে ফাঁকফোকর রহিয়াছে তাহা পূরণ করিবার জন্যও প্রণয়ন করা হইয়াছেঃ-

(i) ইবিডব্লিউজিআর, থোক উৎপাদকগণ তাঁহাদের বর্জ্য প্রক্রিয়াজাত করিয়াছেন এরূপ শংসাপত্র অবশ্যই সংগ্রহ করিবেন, স্থানিক সংস্থার নিকট হইতে বর্জ্য ব্যবস্থাপনার আর্থিক ভার পরিবর্তন করিয়া;

AUTHENTICATED BY ME
Mahatman Tudu
07.07.2026
BENGALI TRANSLATOR
LAW DEPARTMENT
GOVT. OF WEST BENGAL

(ii) প্রত্যেক স্থানিক সংস্থা, বর্জ্য প্রক্রিয়াকরণকারী ও থোক উৎপাদক স্বচ্ছতা ও দায়বদ্ধতামূলক উপাত্ত সহ যথাসময়ে রিটার্নসমূহ কেন্দ্রিত পোর্টালে অবশ্যই রেজিস্টার করিবেন;

(iii) বর্জ্য উৎপাদনাগারের যথানির্দিষ্ট ব্যাসার্ধের মধ্যে অবস্থিত শিল্প-কারখানাকে পরিত্যক্ত বর্জ্য হইতে জ্বালানি আরডিএফ দিয়া তাহাদের জ্বালানির ব্যবহারে পরিবর্তন আনিবার নির্দেশ দেওয়া হইয়াছে, ইত্যাদি।

১০। ইহা অতীব গুরুত্বপূর্ণ যে, সংসদের দ্বারা প্রণীত পরিবেশ (রক্ষা) আইন, ১৯৮৬ (সংক্ষেপে ''দ্য ইপি অ্যাক্ট'') -এর ৩, ৬, ও ২৫ ধারা অনুযায়ী ক্ষমতা প্রয়োগের জন্য কেন্দ্রীয় সরকার কর্তৃক এই নিয়মাবলী প্রণীত হইয়াছে। অধিকন্তু দ্য ইপি আইনের ২৬ ধারার নির্দেশানুযায়ী ঐ নিয়মাবলী সংসদের সমক্ষে স্থাপিত হইবে। এসডব্লিউএম নিয়মাবলী, ২০২৬ কেবল প্রত্যাভিযোজিত বিধিপ্রণয়নই নহে উহা প্রকৃতপক্ষে সংসদের দ্বারা ব্যক্ত ইচ্ছাও বটে। বর্তমান প্রজন্ম বিদ্যমান নিয়মাবলীর কার্যান্বয়নে ফাঁকফোকর অবিচ্ছিন্ন থাকাকালে পুনরায় উহার সংশোধনের জন্য অপেক্ষায় থাকিতে পারে না। বহু পুরনো বর্জ্যের পুঞ্জিকরণ, ভুগর্ভস্থজল ও বায়ু দূষণ সম্পর্কে বর্তমান যে আদেশ যাহা ০১.০৪.২০২৬ তারিখ হইতে কার্যকর হইয়াছে তৎসহিত আশু আসঞ্জনের আবশ্যকতা রহিয়াছে।

১১। এই বিশাল চ্যালেঞ্জ মোকাবিলা করিতে গেলে স্থানীয় সংস্থাসমূহের নিযুক্ত আধিকারিক ও নির্বাচিত প্রতিনিধি, নিগম, পৌরসংঘের নিজ নিজ মেয়র, চেয়ারপার্সন, ওয়ার্ডের সদস্য ও গ্রাম পঞ্চায়েতের সদস্যের মধ্যে যুগপৎ প্রয়াস আবশ্যক। সময়ের প্রয়োজন অনুসারে দায়ী প্রতিনিধিগণ হইলেন অনুক্রিয়াশীল প্রতিনিধি। এই নিয়মাবলী একবারেই সাধারণ এবং নিগম, পৌরসংঘের কর্পোরেটর, কাউন্সিলর / মেয়র ও চেয়ারপার্সন এবং ওয়ার্ডের সদস্যগণ, স্থানীয় সংস্থাসমূহের প্রশাসন সহ, তদ্দ্বারা সামান্য অংশগ্রহণমূলক শিক্ষনীয় বিষয় এবং কেবল উহার কার্যান্বয়ন প্রয়োজন।

১২। দেশের যুবরা কর্মচঞ্চল; তাহারা পরিগণকীকরণ, ডিজিটালীকরণ, তথ্য প্রযুক্তির পথ অবলম্বন করিয়াছে, এমনকি তাহারা কৃত্রিম বুদ্ধিমত্তার বিষয়ে ঝাপিয়া পড়িয়াছে। যখন সারাবিশ্ব প্রযুক্তি সম্পর্কিত ক্রিয়াকলাপ সম্পর্কে ভারতের দিকে তাকাইয়া রহিয়াছে, তখন দেশে থোক সমেত চতুঃপৃথকীকরণ (সিক্ত, শুস্ক, অনাময়ব্যবস্থা ও বিশেষ সতর্কতা)-এর আবশ্যকতা সম্পূর্ণভাবে রহিয়াছে। স্থানীয় সংস্থাসমূহ এসডব্লিউএম নিয়মাবলী, ২০২৬ সম্পর্কে ও এই আদেশের প্রতিলিপি সকল চিহ্নিত থোক বর্জ্য উৎপাদক (বিডব্লিউজিএস)-কে অবিলম্বে অবশ্যই

AUTHENTICATED BY ME
Mahatman Tudu
07.07.2026
BENGALI TRANSLATOR
LAW DEPARTMENT
GOVT. OF WEST BENGAL

সংজ্ঞাপন করিবেন। সকল বিডব্লিউজিএস ৩১.০৩.২০২৬ তারিখের মধ্যে অবশ্যই সংবিধি মোতাবেক অনুপালন করিবেন।

১৪.৪। এমওইএফসিসি, দ্য এসডব্লিউএম নিয়মাবলী, ২০২৬-এর ৩৩ নিয়ম অনুসারে, কঠিন বর্জ্য ব্যবস্থাপনাকার্য যথাযোগ্যভাবে বিদ্যালয়ের পাঠ্যক্রমেও অন্তর্ভুক্ত করিবার বিষয়টি সুনিশ্চিত করিবার জন্য যথাযোগ্য নির্দেশও জারি করিয়াছেন।

১৪.৫। সচেতনতার অভাব দূর করিবার জন্য নিজ নিজ রাজ্যের বা সংঘশাসিত রাজ্যক্ষেত্রের স্থানীয় ভাষাতে এসডব্লিউএম নিয়মাবলী, ২০২৬-এর সংক্ষিপ্তসার বিশেষ করিয়া ব্যক্তিগত পরিবারবর্গ বা নাগরিক জড়িত এরূপ অংশের অনুবাদ করিতে হইবে। ঐ অনুদিত সংক্ষিপ্তসারের প্রচারকার্য নির্বাচিত ওয়ার্ড প্রতিনিধি বা তাঁহাদের কার্যালয়ের দ্বারা ফোনকল, নোটিস ও সামাজিক মাধ্যমে ঘোষণার মাধ্যমে করিতে হইবে।

১৪.৬। দ্য এসডব্লিউএম নিয়মাবলী, ২০২৬ অনুসারে ০১.০৪.২০২৬ তারিখ হইতে কার্যকারিতাসহ কঠোরভাবে যৌথ প্রয়াস চালাইবার নির্দেশ স্থানীয় সংস্থাসমূহকে দেওয়া হইয়াছে, যেক্ষেত্রে (i) সিক্ত, শুষ্ক, অনাময়ের বিষয়ে চতুঃপৃথকীকরণের কার্য ও বিশেষ সতর্কতা, এবং (ii) পৃথক, সময়বদ্ধ অভিকার্য নকশা পূর্বের বর্জ্য আঁস্তাকুড়ের উদ্দেশ, প্রক্রিয়াধীনকরণ ও প্রতিকারের জন্য সক্রিয়।

১৪.৭। এই নিয়মাবলী পালনে অপারগতা কেবল প্রশাসনিক ব্যপগতরূপে আর বিবেচিত হইবে না, এবং উহা তিনটি ধাপে বলবৎকরণ হইবেঃ- (১) প্রথম ধাপ- উৎপাদক বা স্থানীয় সংস্থাসমূহের দ্বারা প্রারম্ভিক অ-অনুপালনের জন্য অবিলম্বে জরিমানা আরোপণ। (২) দ্বিতীয় ধাপ-অবিরাম উপেক্ষাকরণ পরিবেশসম্বন্ধী আইন অনুযায়ী আপরাধিক অভিযুক্তি বলিয়া গণ্য হইবে। (৩) তৃতীয় ধাপ- ঐরূপ কোন কিছু ঘটিতে সাহায্য, অপসহায়তা করিবার জন্য বা সংবিধিবদ্ধ দায়সমূহ অবহেলা করিবার জন্য দায়ী সকল ব্যক্তি ও পদস্থ কর্মচারী যাঁহারা তাঁহাদের তত্ত্বাবধানে কর্তব্য পালনে অপারগ হইবেন তাঁহারা অভিযুক্তির অধীন হইবেন।

১৪.৮। পরিবেশসম্বন্ধী আইন অনুযায়ী কঠিন বর্জ্যের অব্যবস্থার সহিত সম্পর্কিত অপরাধসমূহ দন্ডনীয় প্রকৃতির হইবে ও দন্ডনীয় হইবে। সময় লঙ্ঘন করা হইতেছে কিনা তাহা উদ্দেশ করিবার জন্য ভ্রাম্যমাণ আদালতের নিয়োজনও বিবেচনাধীন রহিয়াছে।

AUTHENTICATED BY ME
Mahatman Tudu
07.07.2026
BENGALI TRANSLATOR
LAW DEPARTMENT
GOVT. OF WEST BENGAL

১৪.৯। এমওইএফসিসি বাস্তব অবস্থা দেখিয়া দেশে সমস্ত বড়ো বড়ো নিগমকে কর্মসম্পাদনের প্রতিবন্ধকতার ভিত্তিতে শ্রেণীবিভাগ করিবেন। এই শ্রেণীবিভাগকরণ হইতে বুঝা যাইবে এসডব্লিউএম নিয়মাবলী, ২০১৬ অনুযায়ী এবং এসডব্লিউএম নিয়মাবলী, ২০২৬-এর আদেশ ও কড়াকড়ির জন্য লক্ষ্য অর্জন করা গেল কিনা। তাহার ফলাফল জনগণের জ্ঞাতার্থে ও তাঁহাদের দায়বদ্ধতা সুনিশ্চিত করিবার জন্য কেন্দ্রিত অনলাইন পোর্টালে প্রকাশিত হইবে।

১৫। বর্তমান নির্দেশাবলী কার্যকরের তারিখ ০১.০৪.২০২৬-এর পূর্বে প্রস্তুতিমূলক কার্য সুনিশ্চিত করিবার অংশরূপে জারি করা হইল। কঠোরভাবে এসডব্লিউএম নিয়মাবলী, ২০২৬-এর উপরেই লক্ষ্য ফোকাস করা হইতেছে। এনজিটি দ্য এসডব্লিউএম নিয়মাবলী, ২০১৬ অনুযায়ী তৎসমক্ষে বিবেচনাধীন দায়াধিকার ও অন্য বিচার্যবিষয়ের বিচারপূর্বক মীমাংসার কার্য চালাইয়া যাইতেছেন।

১৬। আমরা আমাদের আদালত ও ট্রাইবিউন্যালসমূহকে দায়িত্ববান প্রতিষ্ঠানরূপে বিবেচনা করি এবং হাইকোর্টের প্রধান বিচারপতিগণকে ও ট্রাইবিউন্যালের চেয়ারপার্সনগণকে ০১.০৪.২০২৬ তারিখ হইতে কার্যকারিতাসহ উহাদের ক্ষেত্রাধিকারের অধীন সকল আদালত ও ট্রাইবিউন্যাল কর্তৃক এসডব্লিউএম নিয়মাবলী, ২০২৬-এর অনুপালন সুনিশ্চিত করিবার জন্য অনুরোধ করিতেছি।

১৭। ১৫.০৩.২০২৬ তারিখে বা তাহার পূর্বে বহু-স্তরীয় নজরদারির জন্য বিশেষ কার্যসাধন গোষ্ঠীসমূহ গঠন করণার্থ দ্য ইপি অ্যাক্ট-এর ৫ ধারা অনুযায়ী নির্দেশবলে এমওইএফসিসি এবং নূতনভাবে যুক্ত হওয়া প্রতিবাদীদের তলব করা হইবে। গঠিত বা স্থাপিত বহু-স্তরীয় বিশেষ কার্যসাধন গোষ্ঠী প্রথম থেকেই ছোটো ছোটো নজরদারির কার্য চালাইবেন।

১৮। জনসাধারণের জ্ঞাপনার্থে এই প্রস্তাব ২০২৬-এর নিয়মাবলীর আংশিক সফল হইবে।

১৮.১। উক্ত পরিপ্রেক্ষিতে, আমরা নূতনভাবে যুক্ত হওয়া প্রাধিকারীদের মৌলিক ডিজিটাল ও ভৌত পরিকাঠামো, বিশেষ কেন্দ্রীয় দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের কেন্দ্রিত পোর্টালে স্থানীয় সংস্থার নিবন্ধীকরণ, বর্জ্য প্রক্রিয়াজাতকরণ ও বাছাই কেন্দ্রসমূহের চালুকরণ, চতুঃপ্রবাহ প্রকোষ্ঠ সম্বলিত যানসমূহের সংগ্রহ এবং পরিবেশসম্বন্ধী ক্ষতিপূরণের অর্থ একটি নিরপেক্ষ হিসাবখাতায় জমা রাখিবার ব্যবস্থা প্রাপ্তিসাধ্য শংসাকারী একটি সংযুক্ত শপথপত্র অবশ্যই ২৫.০৩.২০২৬ তারিখের মধ্যে দাখিল করিবার নির্দেশ দিতেছি।

**AUTHENTICATED BY ME**
Mahatman Tudu
07.07.2026
**BENGALI TRANSLATOR**
**LAW DEPARTMENT**
**GOVT. OF WEST BENGAL**

১৮.২। আমরা রাজ্যস্তরের কার্যানুয়ন কমিটির সভার অবিলম্বে আহ্বান করিবার ও ব্লকস্তর ও ওয়ার্ডসমূহের নোডাল আধিকারিক নিয়োজনের নির্দেশও দিতেছি। এই আধিকারিকগণ চতুঃপ্রবাহ পৃথকীকরণ ও বিএমজি অনুপালন আচরণবিধি সময়ে বলবৎ হইয়াছে ইহা সুনিশ্চিতকারী কাঠামো সম্পর্কে তাঁহাদের নিজ নিজ মুখ্য সচিবদের নিকট অবশ্যই উপস্থাপন করিবেন।

১৮.৩। সুনিশ্চিত করিতে হইবে যে, কোন বিএমজি বর্জ্য প্রক্রিয়াকরণ কেন্দ্রে সিক্ত বর্জ্য প্রক্রিয়াকরণ করিতে বা ০১.০৪.২০২৬ তারিখের মধ্যে আবশ্যক ইবিডব্লিউজিআর শংসাপত্র সংগ্রহ করিতে অপারগ হইলে, উহা নিয়ম ১৭ অনুসারে, কোন নোটিস ছাড়াই পরিবেশসম্বন্ধী প্রতিকার ও ক্ষতিপুরণের সম্মুখীন হইবে।

১৮.৪। রাজ্য শিক্ষা বিভাগকে নিয়ম ৩৩ অনুসারে শিক্ষা প্রতিষ্ঠানের পাঠ্যক্রমে কঠিন বর্জ্য ব্যবস্থাপনা আচরণবিধি নির্ধারণের জন্য বাধ্যকর সময়সীমা সম্পর্কে উপস্থাপন করিবার নির্দেশ দিতেছি। দ্য এসডব্লিউএম নিয়মাবলী, ২০২৬ বিষয়ে জনসমাজ-সচেতনের জন্য ছাত্রছাত্রীদের নিরবচ্ছিন্ন, সোৎসাহ অংশগ্রহণ সুনিশ্চিত করিবার জন্য রাজ্যস্তরের প্রতিযোগিতার প্রবর্তন করিবারও নির্দেশ দিতেছি।

১৮.৫। হয় এক্ষণে অথবা কখনই নহে। ইহার এসপার ওসপার করিতে হইবে। উৎস পৃথকীকরণ ও পরিকাঠামোর মৌলিক ভিত্তিরচনা না করিয়া সর্বোত্তম ফলাফল প্রত্যাশা করাই অসঙ্গত। বর্জ্যমুক্ত ভারতের বাস্তবায়ন সুনিশ্চিত করিতে প্রত্যেক উদ্দেশ্যসাধক গোষ্ঠিই কর্তব্যবদ্ধ।

১৮.৬। এইভাবে আমরা এমওইএফসিসি এবং যুক্ত হওয়া অন্যান্য ২-১১ নং প্রতিবাদীদিগকে দ্য এসডব্লিউএম নিয়মাবলী, ২০২৬-এর কার্যানুয়ন সম্পর্কে মন্ত্রণালয়সমূহ দ্বারা কৃত ভিত্তিরচনার বিষয়ে অনধিক দশ পৃষ্ঠার একটি প্রতিবেদন উপস্থাপনের জন্য তলব করিতেছি।

১৮.৭। এমওইএফসিসি-কে এই আদেশের প্রতিলিপি রাজ্যসমূহ ও সংঘশাসিত রাজ্যক্ষেত্রসমূহের মুখ্য সচিবগণকে প্রদান ও সংজ্ঞাপন করিবার নির্দেশ দেওয়া হইতেছে এবং দ্য ইপি অ্যাক্ট-এর ৫ ধারা অনুযায়ী দ্য এসডব্লিউএম নিয়মাবলী, ২০২৬ অনুপালন করিবার জন্য, তৎসমেত যদি ইতঃপূর্বে স্থাপিত না হইয়া থাকে, তাহাহইলে তদনুযায়ী বহু-স্তরীয় পরিচালন কাঠামো গঠন করিবার জন্য তাঁহাদিগকে তলব করিবার নির্দেশও দেওয়া হইল। বিকল্প হিসাবে, ঐরূপে স্থাপিত কমিটিসমূহকে দ্য এসডব্লিউএম নিয়মাবলী, ২০২৬ অনুযায়ী স্থাপিত একটি কমিটিরূপে নামোদ্দিষ্ট করা যাইতে পারে, যেমন -

AUTHENTICATED BY ME
Mahatman Tudu
07.07.2026
BENGALI TRANSLATOR
LAW DEPARTMENT
GOVT. OF WEST BENGAL

(ক) রাজ্যস্তর ঃ- মুখ্য সচিবকে চেয়ারম্যান করিয়া রাজ্যস্তরে কার্যকরী রূপায়ণ কমিটি কার্যানুয়নের নজরদারি ও রাজ্যস্তরের যেকোন অসুবিধা দূর করিবার জন্য গঠিত হইবে। ইহা ছাড়াও, রাজ্যস্তর কার্যকরী কমিটি বিশেষভাবে কঠিন বর্জ্য প্রক্রিয়াকরণে প্রচালন অর্থনীতি বিষয়ের উপর ফোকাস করিবেন।

(খ) জেলাস্তর ঃ- তিন মাসে অন্ততঃ একবার স্থানীয় সংস্থাসমূহের কর্মসম্পাদন সম্পর্কে পুনর্বিলোকন করিবার জন্য জেলা ম্যাজিস্ট্রেট বা জেলা সমাহর্তাকে ক্ষমতাপ্রাপ্ত করা হইল। তাঁহারা নগর-গ্রামীণ অনাময়জনকভাবে মাটিতে পুঁতিয়া বর্জ্যের অভিসরণ ও অভিন্ন বর্জ্য প্রক্রিয়াকরণ জনিত্রসমূহের অবশ্যই সুনিশ্চিত করিবেন।

(গ) গ্রাম পঞ্চায়েতস্তর/ব্লকস্তর ঃ- গ্রামীণ উন্নয়ন বিভাগকে গ্রামীণ এলাকার জন্য নোডাল বিভাগরূপে নামোদ্দিষ্ট করা হইল। জেলা পঞ্চায়েতসমূহকে কঠিন বর্জ্য অভিকার্য নকশা প্রস্তুত করিবার জন্য নির্দেশ দেওয়া হইল এবং গ্রাম পঞ্চায়েতসমূহ গ্রামস্তরে কঠিন বর্জ্য ব্যবস্থাপনা সম্পর্কে অবশ্যই পরিকল্পনা করিবেন ও উহা রূপায়ণ করিবেন এবং তথায় কোন উন্মুক্ত আঁস্তাকুড় নাই বা দহনকার্য ঘটে না ইহাও সুনিশ্চিত করিবেন।

(ঘ) সচেতনতা ও অংশগ্রহণ ঃ- জনসাধারণকে বর্জ্য উৎপাদকদের সম্পর্কে তালিম দেওয়ার জন্য জনসাধারণ সচেতনতা অভিযান করিবার জন্য স্থানীয় সংস্থাসমূহকে নির্দেশ দেওয়া হইল। বর্জ্য কমানো, বাড়ীতেই বর্জ্য দিয়া সার তৈরীর কার্য, অনাময় বর্জ্য মোড়কীকরণ, পৃথকীকৃত বর্জ্য পৌছাইয়া দেওয়া সম্পর্কে উৎপাদকগণ অবশ্যই তালিমপ্রাপ্ত হইবেন। স্থানীয় সংস্থাসমূহ নাগরিকদের শুনানি সুনিশ্চিত করিবার জন্য অনলাইন ক্ষোভ প্রতিকার কর্মপ্রক্রিয়ার ব্যবস্থা করিবেন।

(ঙ) মাঝারি হইতে বৃহৎ উৎপাদকগণ (থোক বর্জ্য উৎপাদকগণ)-এর উপর ফোকাস ঃ- বিএমজিএস কেন্দ্রিত অনলাইন পোর্টালে অবশ্যই রেজিস্টারভুক্ত করিবেন। উহারা পর্যাপ্ত সিক্ত বর্জ্য প্রক্রিয়াকরণ কেন্দ্রসমূহ ঐ স্থানেই স্থাপন করিবেন ও চালাইবেন, যদি ঐ স্থানে বর্জ্য প্রক্রিয়াকরণ করিতে অসমর্থ হন, তাহাহইলে উহারা স্থানীয় সংস্থার নিকট হইতে ইবিডব্লিউজিআর শংসাপত্র অবশ্যই সংগ্রহ করিবেন। স্থানীয় সংস্থাসমূহ অনুপালন সুনিশ্চিত করিবার জন্য বিডব্লিউজিএস দ্বারা উৎপাদিত প্রকৃত পরিমাণ বর্জ্যের পর্যাবৃত্তকালিক নিরীক্ষার কার্যভার গ্রহণ করিবেন।

AUTHENTICATED BY ME
Mahatman Tudu
07.07.2026
BENGALI TRANSLATOR
LAW DEPARTMENT
GOVT. OF WEST BENGAL

(চ) বিদ্যালয় ও মহাবিদ্যালয়সমূহের ছাত্রছাত্রীর অংশগ্রহণ ঃ-
যথাযোগ্যভাবে বিদ্যালয়ের পাঠ্যক্রমে কঠিন বর্জ্য ব্যবস্থাপনার অন্তর্ভুক্তি সুনিশ্চিত করিবার জন্য শিক্ষা মন্ত্রণালয় ও রাজ্য শিক্ষা বিভাগসমূহকে নির্দেশ দেওয়া হইল। রাজ্য নগর উন্নয়ন বিভাগসমূহ রাজ্যস্তর ও জেলাস্তরের প্রতিযোগিতার আয়োজন করিবেন এবং রাজ্যস্তর ও জেলাস্তরে দ্য এসডব্লিউএম অনুসারে সেরা কর্মসম্পাদনকারী বিদ্যালয়, মহাবিদ্যালয় ও প্রতিষ্ঠানসমূহকে পুরস্কার প্রদান করিবেন।

১৯। সর্বশেষে, ভুপাল পৌর নিগম সংক্রান্ত মামলা চলাকালে আমরা মহামান্য কৌসুলি বংশজা শুক্লা মহোদয়ার বিবৃতি অভিলিখিত করিয়াছি যে, আদমপুর ছাউনি আঁস্তাকুড় সম্পর্কে, আরও কিছু নথিপত্রসংক্রান্ত কার্য যাহা বহু পুরনো বর্জ্য সম্পর্কে তাহা সম্পূর্ণ করিবার আবশ্যকতা রহিয়াছে এবং টেন্ডার চূড়ান্তকরণের কার্য করিতে আরও কিছুদিন সময় লাগিবে। তজ্জন্য তিনি অনুরোধ করিয়াছেন এবং এতৎপক্ষে টেন্ডারের কার্য চূড়ান্ত করিবার জন্য দুই সপ্তাহ সময় মঞ্জুর করা হইল। আমরা প্রত্যাশা করি যে, নিগম বা রাজ্য সরকারের আধিকারিক, ভুপালের প্রথম শ্রেণীর নাগরিকগণ পুর্বোক্ত সময়সীমার মধ্যে অবশ্যই লক্ষ্য অর্জন করিবেন।

২০। ২৫.০৩.২০২৬ তারিখের সূচী।

**বিচারপতি**

-----------------------------------------

**(পঙ্কজ মিথল)**

**বিচারপতি**

-----------------------------------------

**(এস.ভি.এন.ভাট্টি)**

নুতন দিল্লী
১৯শে ফেব্রুয়ারি, ২০২৬

AUTHENTICATED BY ME
Mahatman Tudu
07.07.2026
BENGALI TRANSLATOR
LAW DEPARTMENT
GOVT. OF WEST BENGAL

**দফা নং ৩৫** **আদালত নং ৯** **অনুভাগ ১৭**

**ভারতের সুপ্রীম কোর্ট**
**কার্যবাহের অভিলেখসমূহ**
**দেওয়ানী আপীল নং (সমূহ) ৬১৭৪/২০২৩**

ভুপাল পৌর নিগম আপীলকারী (সমূহ)

বনাম

ডঃ সুভাষ সি. পান্ডে ও অন্যান্য প্রতিবাদী (সমূহ)

| | | |
|---|---|---|
| (১ক নং. ১১৩০৫৬/২০২৫ | - - - - - - | যথাযোগ্য আদেশ/নির্দেশসমূহ |
| ১ক নং. ১৪১০৫৬/২০২৪ | - - - - - - | দাখিলকরণে বিলম্বের প্রমার্জনা |
| ১ক নং. ৪৩১১০/২০২৪ | - - - - - - | দাখিলকরণে বিলম্বের প্রমার্জনা |
| ১ক নং. ১৯৮০৫১/২০২৩ | - - - - - - | আপত্তিকৃত রায়ের সি/সি-এর দাখিলকরণ হইতে অব্যাহতি |
| ১ক নং. ১৪১০৫৫/২০২৪ | - - - - - - | ও.টি.দাখিলকরণ হইতে অব্যাহতি |
| ১ক নং. ২৪৫৮২৩/২০২৩ | - - - - - - | সশরীরে উপস্থিতি ও তার্কিকের অনুমতি |
| ১ক নং. ১৯৮০৫০/২০২৩ | - - - - - - | স্থগিতকরণের আবেদন) |

সহ
সি.এনং. ৭৭২৮/২০২৩(১৭)

| | | |
|---|---|---|
| (১ক নং. ১৭৬৬৬৫/২০২৪ | - - - - - - | ও.টি. দাখিলকরণ হইতে অব্যাহতি |
| ১ক নং. ১৯৬০২৪/২০২৪ | - - - - - - | ও.টি. দাখিলকরণ হইতে অব্যাহতি |
| ১ক নং. ২৪১১৩৬/২০২৩ | - - - - - - | স্থগিতকরণের আবেদন) |

তারিখ ঃ ২৯.০৪.২০২৬ আজ এই বিষয়গুলি শুনানির জন্য তলব করা হইয়াছিল।
কোরাম ঃ

মাননীয় বিচারপতি পঙ্কজ মিথল
মাননীয় বিচারপতি এস.ভি.এন.ভাট্টি

আপীলকারী (সমূহ)-এর পক্ষে মিস বংশজা শুক্লা, এওআর
মিস গুঞ্জন চৌস্ত্রী, অধিবক্তা
মিস অঙ্কিতা আপ্পান্না, অধিবক্তা
মিঃ সিদ্ধান্ত যাদব, অধিবক্তা

AUTHENTICATED BY ME
Mahasman Tudu
07.07.2026
BENGALI TRANSLATOR
LAW DEPARTMENT
GOVT. OF WEST BENGAL

প্রতিবাদী (সমূহ)-এর পক্ষে

মিসেস ঐশ্বর্যা ভাটি, এ.এস.জি.
মিস অনুপ্রিয়া শ্রীবাস্তব, অধিবক্তা
মিস গার্গী বোস, অধিবক্তা
মিঃ গুরমীত সিং মাক্কের, এওআর
মিসেস চিত্রাঙ্গদা রাসত্বরা, অধিবক্তা
মিঃ বলেন্দু শেখর, অধিবক্তা
মিঃ উদিত ডেডিয়া, অধিবক্তা
মিঃ শশাঙ্ক বাজপাই, অধিবক্তা
যোগ্য রাজপুরোহিত, অধিবক্তা
মিঃ হর্ষবর্ধন পান্ডে, অধিবক্তা
মিঃ রাঘবেন্দ্র প্রতাপ সিং, এওআর

মিঃ অর্পিত গুপ্তা, এওআর
মিঃ দিলপ্রীত সিং, অধিবক্তা
মিঃ দিব্য প্রতাপ পার্মার, অধিবক্তা
মিঃ আদিল য়ার চৌধুরী, অধিবক্তা
মিস আকাঙ্খা আগরওয়াল অধিবক্তা
মিঃ শারিক য়ার চৌধুরী, অধিবক্তা

মিঃ পশুপতি নাথ রাজদান, এওআর
মিঃ অভিনব শ্রীবাস্তব, অধিবক্তা
মিস মৈত্রেয়ী জগৎ যোশী, অধিবক্তা
মিঃ শাদাব আনোয়ার, অধিবক্তা
মিঃ জারতাব আনোয়ার, অধিবক্তা
মিঃ আস্তিক গুপ্তা, অধিবক্তা
মিস আকাঙ্খা টোমার, অধিবক্তা
মিঃ শ্রাবণ বাগোড়া, অধিবক্তা
মিঃ সালভাদোর সন্তোষ রেবেল্লো, এওআর
মিঃ রাঘব শর্মা, অধিবক্তা
মিঃ প্রাঞ্জল পান্ডে, অধিবক্তা
মিস মৌলিশ্রী পাঠক, অধিবক্তা

মিঃ সৌরভ বলোয়ানি, এওআর
মিঃ চিরাগ পাথর, অধিবক্তা

AUTHENTICATED BY ME
Mahatman Tudu
07.07.2026
BENGALI TRANSLATOR
LAW DEPARTMENT
GOVT. OF WEST BENGAL

মিঃ বিক্রমাদিত্য সিং, এওআর
মিঃ কাসিম আলি, অধিবক্তা
মিঃ অর্জুন সিং, অধিবক্তা
মিস য়াশিকা গুপ্তা, অধিবক্তা
মিঃ আর. ভেঙ্কট প্রভাত, অধিবক্তা

মিস প্রগতি নীখরা, এওআর

মিঃ আদিত্য অনিরুদ্ধ পান্ডে, এওআর
মিঃ সিদ্ধার্থ ধর্মাধিকারী, অধিবক্তা
মিঃ শ্রীরং বি. ভার্মা, অধিবক্তা
মিঃ সৌরভ সিং, অধিবক্তা
মিস চিত্রাংশা সিং সিকরওয়ার, অধিবক্তা

মিঃ সমীর অভ্যাঙ্কর, এওআর
মিঃ কৃষ্ণ রাস্তোগী, অধিবক্তা
মিঃ আরিয়ান শ্রীবাস্তব, অধিবক্তা

মিঃ সুর্যেন্দু শঙ্কর দাস, এওআর
মিস য়ুবিকা টুর, অধিবক্তা

কৌসুলির শুনানির পর আদালত নিম্নের এই আদেশটি দিয়াছেন --

**আদেশ**

১। তিনজন সচিব - তন্ময় কুমার, সচিব, এমওইএফসিসি, অশোক কে. কে. মীনা, সচিব, ডিডিডব্লিউএস, জল শক্তি মন্ত্রণালয় এবং শ্রীনিবাস আর কাটিকিথালা, সচিব, এমওএইচইউএ আজ ভার্চুয়ালি কার্যবাহে যোগদান করিয়াছেন। আমরা তাঁহাদের তিনজনের সহিতই মতবিনিময় করিয়াছি। আসলে, এমতাবস্থায়, যে তিনজন সচিব আমাদের সহিত ভার্চুয়ালি মতবিনিময় করিয়াছেন, সেই তিনজন সচিবের অতিরিক্তরূপে, আমরা নির্দেশ দিয়াছি যে, আরও দুইজন সচিব, অর্থাৎ পঞ্চায়েতী রাজ মন্ত্রণালয়ের সচিব ও গ্রামীণ উন্নয়ন মন্ত্রণালয়ের সচিবও প্রতিবাদীরূপে যুক্ত হউন এবং কার্যবাহে ভার্চুয়ালি যোগদান করুন।

AUTHENTICATED BY ME
Mahatman Tudu
07.07.2026
BENGALI TRANSLATOR
LAW DEPARTMENT
GOVT. OF WEST BENGAL

২। আমরা এএসজি মিসেস ঐশ্বর্যা ভাটির বক্তব্য শুনিয়াছি এবং আমরা তাঁহার দ্বারা উপস্থাপিত প্রতিবেদন ও আজ যে তিন পৃষ্ঠার নোট আকারে বক্তব্য পেশ করিয়াছেন তাহা মনোযোগ সহকারে পাঠ করিয়াছি।

৩। উপরোক্ত সারবান বিষয় বিবেচনা করিবার পর আমরা এই সিদ্ধান্তে উপনীত হইলাম যে, যেসকল প্রতিবন্ধকতা রহিয়াছে তাহা রাজ্য সরকার বা স্থানীয় সংস্থাসমূহের দ্বারা দূর করিবার আবশ্যকতা আছে। তজ্জন্য বিভিন্ন রাজ্য প্রাধিকারী বা স্থানীয় সংস্থাসমূহের দ্বারা কার্যান্বয়ন অংশের ভারগ্রহণ করিতে হইবে।

৪। আমরা প্রত্যাশা করিতেছি যে, মিসেস ঐশ্বর্যা ভাটির দ্বারা উপস্থাপিত প্রতিবেদন অনুযায়ী যে প্রতিবন্ধক সম্পর্কে আদালতে আজ আলোচনা হইয়াছে তৎসম্পর্কে এমওইএফসিসি-এর সচিব বিভিন্ন রাজ্য বা সংঘশাসিত রাজ্যক্ষেত্রসমূহের সকল মুখ্য সচিবদের সংজ্ঞাপন করিবেন। আমরা তাঁহাকে আমাদের ১৯.০২.২০২৬ তারিখের আদেশ সম্পর্কেও মুখ্য সচিবগণকে সংজ্ঞাপন করিবার জন্য অনুরোধ করিতেছি, যে আদেশে কঠিন বর্জ্য ব্যবস্থাপনা নিয়মাবলী, ২০২৬-এর কার্যান্বয়ন সম্পর্কে বিভিন্ন নির্দেশ জারি করা হইয়াছিল এবং আমরা প্রত্যাশা করিতেছি যে রাজ্যসমূহ বা সংঘশাসিত রাজ্যক্ষেত্রসমূহের মুখ্য সচিবগণ পরবর্তী ০৫.০৫.২০২৬ তারিখে সকাল ১০টা ৩০মিনিটে অনুষ্ঠিতব্য কার্যবাহে ভার্চুয়ালিভাবে যোগদান করিবেন এবং ১৯.০২.২০২৬ তারিখের আদেশে থাকা নির্দেশসমূহের কার্যান্বয়ন সম্পর্কে তাঁহাদের বিধিসম্মত জবাব ও অভিকার্য নকশাসহ এবং ২৫.০৩.২০২৬ তারিখের এমওইএফসিসি-এর নির্দেশ সম্পর্কে ও আদালতে আজ আলোচিত হওয়া প্রতিবন্ধক সম্পর্কে প্রস্তুত হইয়া আসিবেন।

৫। মুখ্য সচিবদের বিধিসম্মত জবাব এবং বিশেষ উদ্দেশ্যসাধক রাজ্যসমূহ / সংঘশাসিত রাজ্যক্ষেত্রসমূহের দ্বারা সম্পূর্ণ ও সর্বার্থসার্থক কার্যান্বয়নের অভিকার্য নকশা এমওইএফসিসি-এর সচিবকে যিনি পরবর্তী তারিখে আমাদের সমক্ষে উহা উপস্থাপন করিবেন তাঁহাকে সংজ্ঞাপন করিবেন। নিজ নিজ রাজ্যসমূহ ও সংঘশাসিত রাজ্যক্ষেত্রসমূহের মুখ্য সচিবগণ ০২.০৫.২০২৬ তারিখের মধ্যে অবশ্যই তাঁহাদের ঐ জবাব ও অভিকার্য নকশা ঐ সচিবের নিকট উপস্থাপন করিবেন।

৬। ০৫.০৫.২০২৬ তারিখে সকল ১০টা ৩০ মিনিটের বিষয়সমূহের সূচী।

**(নিধি মাথুর)**
**কোর্ট মাস্টার (এন এস এইচ)**

**(গীতা আহুজা)**
**উপ রেজিস্ট্রার**

AUTHENTICATED BY ME
Mahatman Tudu
07.07.2026
BENGALI TRANSLATOR
LAW DEPARTMENT
GOVT. OF WEST BENGAL

**দফা নং ৩৯** **আদালত নং ৯** **অনুভাগ ১৭**

**ভারতের সুপ্রীম কোর্ট**
**কার্যবাহসমূহের অভিলেখ**
**দেওয়ানী আপীল নং ৬১৭৪/২০২৩**

ভুপাল পৌর নিগম আপীলকারী (সমূহ)

বনাম

ডঃ সুভাষ সি. পান্ডে ও অন্যান্য প্রতিবাদী (সমূহ)
[সকাল ১০টা ৩০ মিনিটে গৃহীত হইবে]

(১ক নং ১১৩০৫৬/২০২৫ - - - - যথাযোগ্য আদেশ/নির্দেশসমূহ
১ক নং ১৪১০৫৬/২০২৪ - - - - দাখিলকরণে বিলম্বের প্রমার্জনা
১ক নং ৪৩১১০/২০২৪ - - - - দাখিলকরণে বিলম্বের প্রমার্জনা
১ক নং ১৯৮০৫১/২০২৩ - - - - আপত্তিকৃত রায়ের সি/সি দাখিলকরণ হইতে অব্যাহতি।

১ক নং ১৪১০৫৫/২০২৪ - - - - ও.টি. দাখিলকরণ হইতে অব্যাহতি
১ক নং ২৪৫৮২৩/২০২৩ - - - - ও.টি. দাখিলকরণ হইতে অব্যাহতি
১ক নং ১৯৮০৫০/২০২৩ - - - - স্থগিতকরণের আবেদন।)

সহ

সি.এ.নং ৭৭২৮/২০২৩(১৭)
(১ক নং ১৭৬৬৬৫/২০২৪ - - - - ও.টি. দাখিলকরণ হইতে অব্যাহতি
১ক নং ১৯৬০২৪/২০২৪ - - - - ও.টি. দাখিলকরণ হইতে অব্যাহতি
১ক নং ২৪১১৩৬/২০২৩ - - - - স্থগিতকরণের আবেদন)

তারিখ ঃ০৫.০৫.২০২৬ এই বিষয়সমূহ আজ শুনানির জন্য তলব করা হইয়াছিল।

কোরাম ঃ

মাননীয় বিচারপতি পঙ্কজ মিথল
মাননীয় বিচারপতি এস.ভি.এন ভাট্টি

AUTHENTICATED BY ME
Mahatman Tudu
07.07.2026
BENGALI TRANSLATOR
LAW DEPARTMENT
GOVT. OF WEST BENGAL

| | | |
|---|---|---|
| আপীলকারী (সমূহ)-এর পক্ষে | - - - - | মিস বংশজা শুক্লা, এওআর<br>মিস গুঞ্জন চৌক্সী, অধিবক্তা<br>মিস অঙ্কিতা আপ্পান্না, অধিবক্তা<br>মিঃ সিদ্ধান্ত যাদব, অধিবক্তা |
| প্রতিবাদী (সমূহ)-এর পক্ষে | - - - - | মিসেস ঐশ্বর্যা ভাটি, এ.এস.জি.<br>মিস অনুপ্রিয়া শ্রীবাস্তব, অধিবক্তা<br>মিস গার্গী বোস, অধিবক্তা<br>মিঃ গুরমীত সিং মাক্কের, এওআর<br>মিসেস চিত্রাগদা রাস্তুরা, অধিবক্তা<br>মিঃ বলেন্দু শেখর, অধিবক্তা<br>মিঃ উদিত ডেডিয়া, অধিবক্তা |
| | | মিঃ হর্ষবর্ধন পান্ডে, অধিবক্তা<br>মিঃ রাঘবেন্দ্র প্রতাপ সিং, এওআর<br>মিঃ রাম কুমার, অধিবক্তা<br>মিঃ মহেন্দ্র প্রতাপ সিং, অধিবক্তা<br>মিঃ অক্ষত কাশ্যপ, অধিবক্তা |
| | | মিঃ অর্পিত গুপ্তা, এওআর<br>মিঃ দিলপ্রীত সিং, অধিবক্তা<br>মিঃ দিব্য প্রতাপ পার্মার, অধিবক্তা<br>মিস আকাঙ্খা আগরওয়াল,, অধিবক্তা<br>মিঃ আদিল য়ার চৌধুরী, অধিবক্তা<br>মিঃ শারিক য়ার চৌধুরী, অধিবক্তা |
| | | মিঃ পশুপতি নাথ রাজদান, এওআর<br>মিঃ অভিমন্যু সিং, অধিবক্তা<br>মিঃ অভিনব শ্রীবাস্তব, অধিবক্তা<br>মিস মৈত্রেয়ী জগৎ যোশী, অধিবক্তা<br>মিঃ আস্তিক গুপ্তা, অধিবক্তা<br>মিস আকাঙ্খা টোমার, অধিবক্তা<br>মিঃ শ্রাবণ বাগোড়া, অধিবক্তা |

AUTHENTICATED BY ME
Mahatma Tudu
07.07.2026
BENGALI TRANSLATOR
LAW DEPARTMENT
GOVT. OF WEST BENGAL

মিঃ রাঘব শর্মা, অধিবক্তা
মিঃ সালভাদোর সন্তোষ রেবেল্লো, এওআর
মিঃ যশকিরাত পাল সিং, অধিবক্তা
মিঃ মৃদুল শুক্লা, অধিবক্তা
মিঃ প্রাঞ্জল পান্ডে, অধিবক্তা
মিস মৌলিশ্রী পাঠক, অধিবক্তা

মিঃ সৌরভ বলোয়ানি, এওআর
মিঃ চিরাগ পাথর, অধিবক্তা
মিঃ বিক্রমাদিত্য সিং, এওআর
মিঃ কাসিম আলি, অধিবক্তা
মিঃ অর্জুন সিং, অধিবক্তা
মিস য়াশিকা গুপ্তা, অধিবক্তা
মিঃ আর ভেঙ্কট প্রভাত, অধিবক্তা

মিস প্রগতি নীখরা, এওআর
মিঃ আরিয়ান বৈভব শ্রীবাস্তব, অধিবক্তা

মিঃ আদিত্য অনিরুদ্ধ পান্ডে, এওআর
মিঃ সিদ্ধার্থ ধর্মাধিকারী, অধিবক্তা
মিঃ শ্রীরং বি ভার্মা, অধিবক্তা
মিঃ সৌরভ সিং, অধিবক্তা
মিস চিত্রাংশা সিং সিকরওয়ার, অধিবক্তা

মিঃ সমীর অভ্যাঙ্কর, এওআর
মিঃ কৃষ্ণ রাস্তোগী, অধিবক্তা
মিঃ আরিয়ান শ্রীবাস্তব, অধিবক্তা
মিঃ সুর্যেন্দু শঙ্কর দাস, এওআর
মিস যুবিকা টুর, অধিবক্তা

কৌঁসুলির শুনানির পর আদালত নিম্নের এই আদেশটি দিয়াছেন --

**আদেশ**

১। এই পৃথিবী এবং এই দেশ হইল আমাদের সকলেরই অভিন্ন স্থান। আমরা

AUTHENTICATED BY ME
Mahatman Tudu
07.07.2021
BENGALI TRANSLATOR
LAW DEPARTMENT
GOVT. OF WEST BENGAL

আত্মবিশ্বাসী যে, দ্য এসডব্লিউএম নিয়মাবলী, ২০২৬ প্রয়োগ করিবার ক্ষমতা ন্যস্ত হইয়াছে এরূপ অঙ্গীকারবদ্ধ অসামরিক কর্মচারী, আধিকারিক, জনপ্রতিনিধি ও পদাতিক সৈনিকবর্গ গোষ্ঠীই মনুষ্য-সৃষ্ট ধ্বংসের হাত হইতে এই গ্রহকে ও এই দেশকে পরিরক্ষণের আলো ছড়াইয়া দিতে পারিবেন। পরিবেশ (রক্ষা) আইন, ১৯৮৬ পুরঃস্থাপিত সংবিধি সংক্রান্ত মূল কাঠামোতে ভারতীয় নাগরিকদের অগ্রগতি ও কল্যাণের জন্য পরিবর্তন হইবে। ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি সহনশীল গ্রহ রাখিয়া যাইবার ইহা একটি যৌথ অঙ্গীকার। এই গ্রহকে পরিরক্ষণের জন্য তাহাদের ধন্যবাদ শুনিতে না পাইলেও তাহাদের জন্য আমাদের উৎসর্গ করিবার ইচ্ছা, অক্লান্তভাবে কার্য করিয়া যাইবার ইচ্ছা এবং আমরা যে তাহাদের জন্য নিজেদের উৎসর্গ করছি তাহা আগামী দিনে নৈতিক বিবেকবুদ্ধির ছাপ হিসাবে রহিয়া যাইবে।

২। ২৯.০৪.২০২৬ তারিখের আদেশ সম্পর্কে, (i) পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন (''এমওইএফসিসি'') মন্ত্রণালয়ের সচিব; (ii) জল শক্তি মন্ত্রণালয়ের পানীয় জল ও অনাময়ব্যবস্থা বিভাগের সচিব; (iii) আবাসন ও নগরবিষয়ক মন্ত্রণালয় (''এমওএইচইউএ'')-এর সচিব; (iv) পঞ্চায়েতী রাজ মন্ত্রণালয়ের সচিব; (v) গ্রামীণ উন্নয়ন মন্ত্রণালয়ের সচিব এবং রাজ্য ও সংঘশাসিত রাজ্যক্ষেত্রসমূহের মুখ্য সচিবগণ আজকের শুনানিতে অংশগ্রহণ করিয়াছেন। কয়েকজন মুখ্য সচিব শুনানিতে অংশদান করিয়াছেন, ও অন্যান্য মুখ্য সচিবগণ দ্য এসডব্লিউএম নিয়মাবলী, ২০২৬ কার্যানুয়নের সময়ের চাহিদাকে, ও নির্বাহিকবর্গ স্থানীয় সংস্থাসমূহের সংবিধিবদ্ধ দায়িত্বকে প্রশংসা করিয়াছেন।

৩। শুনানি চলাকালে, এই আদালত স্পষ্ট করিয়াছেন যে, সকল বিশেষ উদ্দেশ্যসাধক গোষ্ঠীর দ্বারা কৃত চলতি অভিন্ন প্রয়াস আইনগত আদেশের বিপরীতে পরিবেশসম্বন্ধী দূষণ প্রতিরোধে কঠিন বর্জ্য উৎপাদকগণের মধ্যে অংশগ্রহণ করিবার প্রত্যয় জন্মিয়াছে। এই আদালত, উহার পূর্বতর আদেশে যথাজ্ঞাপিত, স্থানীয়, রাজ্য ও কেন্দ্রীয় প্রশাসনের উপর আস্থা রাখিয়াছেন, এবং যদি ঈপ্সিত ফলাফল না পাওয়া যায়, তাহাহইলে মনুষ্য ক্রিয়াকলাপের ফলে সঞ্জাত কঠিন বর্জ্য ব্যবস্থা করিবার জন্য প্রশাসনিক কোন অন্তর্গ্রথিত অদক্ষতা সম্পর্কে চূড়ান্তভাবে ঘোষণা করিবার পূর্বে পরিবেশ রক্ষা আইন, ১৯৮৬-এর মূল কাঠামোর মধ্যে প্রশাসনকে শক্তিশালী করিবার কার্য সম্পর্কে মীমাংসা করিবেন।

৪। উপরোক্ত বিষয়কে দৃষ্টিগোচরে রাখিয়া, এমওইএফসিসি-কে দেশের সকল জেলা সমাহর্তাগণের উদ্দেশ্যে এক বৎসর সময়সীমার জন্য পরিবেশ রক্ষা আইন, ১৯৮৬-এর ৫ ধারা অনুযায়ী ক্ষমতা প্রত্যাভিযোজিত করিবার জন্য ২৩ ধারা অনুযায়ী প্রজ্ঞাপন জারি করিবার নির্দেশ দেওয়া হইল, যাহাতে ঐ জেলা সমাহর্তাগণ তাঁহাদের ক্ষেত্রাধিকার সীমার মধ্যে কেবল এসডব্লিউএম

AUTHENTICATED BY ME
Mahatman Tudu
07.07.2026
BENGALI TRANSLATOR
LAW DEPARTMENT
GOVT. OF WEST BENGAL

নিয়মাবলী, ২০২৬ অবেক্ষণ, প্রয়োগকরণ ও কার্যান্বয়ন করিতে পারেন। জেলা সমাহর্তাগণকে কার্যান্বয়ন তত্ত্বাবধানের জন্য একটি ''বিশেষ কার্যালয়'' গঠন করিবার এবং যেসকল কঠিন বর্জ্যের থোক উৎপাদকগণ নির্দেশ অমান্য করেন বা নিয়মাবলীর অবজ্ঞা করেন সেইসকল কঠিন বর্জ্যের থোক উৎপাদকগণের উদ্দেশ্যে জল বা বিদ্যুতের প্রতিবন্ধকের জন্য যে নির্দেশ আছে তাহা, অবস্থানুযায়ী, জারি করিবার নির্দেশ দেওয়া হইল। জেলা সমাহর্তাগণকে আঁস্তাকুড় পরাবাস্তবে সরজমিন পরিদর্শনের আয়োজন, নিয়মাবলী কার্যান্বয়নের ও তৎসম্পর্কে একপক্ষকালের মধ্যে প্রতিবেদন করিয়া উহা নিজ নিজ রাজ্যসমূহের নামোদ্দিষ্ট সচিবগণের নিকট প্রেরণ করিবার নির্দেশ দেওয়া হইল। প্রত্যাভিযোজিত প্রাধিকারাধীনে জেলা সমাহর্তাগণের দ্বারা জারিকৃত নির্দেশসমূহ, কিছু থাকিলে, তাহা এই আদালতের আদেশের অগ্রনয়নে জারিকৃত নির্দেশরূপে গণ্য হইবে।

৫। নিজ নিজ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদসমূহের আঞ্চলিক আধিকারিকগণকে যথা-নির্দেশিত জেলা সমাহর্তার অবেক্ষণাধীনে গঠিত হইবে এরূপ বিশেষ কার্যালয়ে অন্তর্ভুক্ত করিতে হইবে। নিজ নিজ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদসমূহের আঞ্চলিক আধিকারিকগণকে তাঁহাদের ক্ষেত্রাধিকারের মধ্যে থাকা প্রাধিকৃত ও অপ্রাধিকৃত আঁস্তাকুড়ের সরজমিনে পরিদর্শনের আয়োজন করিবার এবং তৎসম্পর্কে পুনঃব্যবস্থাগ্রহণ ও অনুপালনের জন্য জেলা সমাহর্তা ও স্থানীয় সংস্থাসমূহের নিকট ঐ সরজমিনে পরিদর্শনের চিত্রসমূহ প্রেরণ করিবার নির্দেশ দেওয়া হইল। জেলা সমাহর্তা স্থানীয় সংস্থাসমূহের দ্বারা প্রাধিকৃত যানসমূহের মাধ্যমে কঠিন বর্জ্য যে পরিবাহিত, ব্যবস্থিত ও নিষ্কাশিত করা হইয়াছে ইহা সুনিশ্চিত করিবার নির্দেশ জারি করিবেন। ইহা স্থানীয় সংস্থাসমূহকে রাস্তা, রেলপথ, হ্রদ, পাহাড় ধারের, ইত্যাদির অপ্রাধিকৃত আঁস্তাকুড়কে প্রনিয়ন্ত্রণ ও নিবারণ করিতে সমর্থ করিবে।

৬। জেলা সমাহর্তাগণকে দ্য এসডব্লিউএম নিয়মাবলীর কার্যান্বয়ন সম্পর্কে কর্মসম্পাদন বা অগ্রগতির সংক্ষিপ্তসার প্রস্তুত করিবার এবং উহা নিজ নিজ সচিবগণের নিকট উপস্থাপন করিবার নির্দেশ দেওয়া হইল। ঐ সচিবগণ, পালাক্রমে, সংক্ষিপ্তসারসহ, অগ্রগতি ও ঘাটতির নির্ধার সম্পর্কে শংসিত করিয়া প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়, যেমন - (i) সচিব, এমওইএফসিসি; (ii) সচিব, জল শক্তি মন্ত্রণালয়ের পানীয় জল ও অনাময়ব্যবস্থা বিভাগ; (iii) সচিব, এমওএইচইউএ; (iv) সচিব, পঞ্চায়েতী রাজ মন্ত্রণালয়; এবং (v) সচিব, গ্রামীণ উন্নয়ন মন্ত্রণালয়ের নিকট প্রেরণ করিবেন, যাহাতে এই আদালতে ঐ প্রতিবেদনের সংক্ষিপ্তসার পেশ করা যায়।

৭। ভারত সংঘের সচিবগণের দ্বারা ও রাজ্য বা সংঘশাসিত রাজ্যক্ষেত্রে পৌর নিগম, পৌরসংঘ ও গ্রাম পঞ্চায়েতসমূহের সচিবগণের দ্বারা নজরদারিকরণের প্রথম দফা নিম্নরূপে প্রদর্শিত হইলঃ-

AUTHENTICATED BY ME
Mahatman Tudu
07.07.2026
BENGALI TRANSLATO[R]
LAW DEPARTMENT
GOVT. OF WEST BENGAL

(১) জেলা সমাহর্তাগণকে এই আদালতের ১৯.০২.২০২৬, ২৯.০৪.২০২৬ ও ০৫.০৫.২০২৬ (বর্তমান আদেশটি) আদেশসমূহ নিজ নিজ কমিশনার বা নির্বাহী আধিকারিক বা পঞ্চায়েত সচিবগণকে সংজ্ঞাপন করিবার এবং ঐ কমিশনার বা নির্বাহী আধিকারিক বা পঞ্চায়েত সচিবগণ উহা ওয়ার্ডের সদস্য বা কর্পোরেটরদের বা কাউন্সিলারদের সংজ্ঞাপন করিবার নির্দেশ দেওয়া হইল।

(২) সুকর্মসম্পাদনকারী স্থানীয় প্রাধিকারী বা স্থানীয় সংস্থাসমূহকে অগ্রাধিকারের ভিত্তিতে অনুদান দিয়া সুকর্মসম্পাদনের প্রোৎসাহন করিবার নির্দেশ দেওয়া হইল। বিপরীতে, ব্যত্যয়কারী স্থানীয় সংস্থাসমূহ নিয়মাবলী না পালনের জন্য দন্ডের সম্মুখীন হইবে।

(৩) পঞ্চায়েতী রাজ মন্ত্রণালয়ের সচিব ও নগর উন্নয়ন সচিবকে স্থানীয় সংস্থাসমূহে প্রতিনিধিত্ব প্রক্রিয়ার অংশরূপে নির্বাচিত প্রতিনিধিগণের কৃত্যসমূহে কঠিন বর্জ্য ব্যবস্থাপনা নিয়মাবলীর জ্ঞানকে ও তদধীনে দায়িত্বকে অন্তর্ভুক্ত করিবার একটি কর্মপরিকল্পনা তৈয়ারী করিবার নির্দেশ দেওয়া হইল।

৮। সচিবগণ, যেমন - (i) সচিব, এমওইএফসিসি; (ii) সচিব, জল শক্তি মন্ত্রণালয়ের পানীয় জল ও অনাময়ব্যবস্থা বিভাগ; (iii) সচিব, এমওএইচইউএ; (iv) সচিব, পঞ্চায়েতী রাজ; এবং (v) গ্রামীণ উন্নয়ন মন্ত্রণালয়ের সচিবকে চাপবদ্ধ জৈবগ্যাস জনিত্রসমূহের স্থাপনের জন্য শিল্পকারখানাসমূহের দ্বারা নিগমবদ্ধ সামাজিক দায়িত্ব (''সিএসআর'')-এর অধীন অংশদানের অন্তর্ভুক্তি অথবা নিধি প্রাপ্তিসাধ্য করিবার জন্য বর্তমান পরিকল্প ও প্রণালীতে কোন বর্জ্যকে শক্তিতে পরিণত করিবার জন্য যেরূপ প্রাপ্তিসাধ্য হইবে সেরূপ সাম্প্রতিককালের প্রযুক্তি সম্পর্কে পর্যালোচনা ও অনুসন্ধান করিবার জন্য নির্দেশ দেওয়া হইল। ঐরূপ অংশদানের আবশ্যক প্রসার পর্যন্ত ক্ষতিপূর্তি করিতে হইবে এবং স্থানীয় সংস্থাসমূহের সর্বাঙ্গীণ রক্ষণাবেক্ষণের জন্য দূষণকারী অর্থপরিশোধ নীতির অনুরূপ নীতিসমূহের অনুসরণ করা হইবে। ইহা যেমন দূষণকারী অর্থপরিশোধ নীতি কঠোরভাবে বলবৎ হইবে, তেমনই পরিবেশের উন্নয়নের জন্য সিএসআর নিধিসমূহ যে স্থানীয় সংস্থাসমূহের ক্ষেত্রাধিকারের মধ্যে ঐ অংশদানকারী শিল্প-কারখানা অবস্থিত কেবল সেই স্থানীয় সংস্থাসমূহের উন্নতিসাধনের জন্য সদ্ব্যবহৃত হইবে। আমরা নির্দেশ দিতেছি যে, ঐরূপ অংশদানসমূহ ভারত সংঘ দ্বারা চালিত পরিকল্পসমূহের মধ্যে অগ্রাধিকারের ভিত্তিতে হইবে।

৯। মুখ্য সচিবগণকে ১৫ই মে, ২০২৬ তারিখের মধ্যে দ্য এসডব্লিউএম নিয়মাবলী, ২০২৬ অনুসারে প্ররূপ ৪-এর প্রচার করিবার নির্দেশ দেওয়া হইল; পূরণ করা উপাত্ত গ্রহণ, উহার

AUTHENTICATED BY ME
Mahaman Tudu
07.07.2026
BENGALI TRANSLATOR
LAW DEPARTMENT
GOVT. OF WEST BENGAL

তুলনামূলক বিচারার্থ একত্রীকরণ করিবার এবং, স্থানীয় সংস্থাসমূহের উন্নতি ও উহাদের দক্ষতার সহিত কর্মসম্পাদনের বিষয়ে নজরদারির জন্য ভারত সংঘের নিজ নিজ সচিবগণের নিকট উহা প্রেরণ করিবার নির্দেশ দেওয়া হইল।

১০। মুখ্য সচিবগণকে পর্যটন কেন্দ্রিক সমুদ্রসৈকত, পর্যটন স্থান ও তীর্থকেন্দ্রসমূহ চিহ্নিত করিবার ও ঐরূপ স্থানসমূহে দ্য এসডব্লিউএম নিয়মাবলী, ২০২৬ কার্যান্বয়ন করিবার জন্য বিশেষ কর্মপ্রক্রিয়া যথাস্থানে উপস্থাপন করিবার নির্দেশ দেওয়া হইল।

১১। মুখ্য সচিবগণকে তাঁহাদের নিজ নিজ ক্ষেত্রাধিকারে দ্য প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনা নিয়মাবলী, ২০২৬ (সময়ে সময়ে যথা-সংশোধিত)-এর কার্যান্বয়নের তালিকা প্রস্তুত করিবার নির্দেশ দেওয়া হইল এবং এমওইএফসিসি-এর সচিবের মাধ্যমে দ্য প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনা নিয়মাবলী, ২০২৬-এর কঠোরভাবে অনুপালন করিবার একটি প্রতিবেদন উপস্থাপন করিবার নির্দেশ দেওয়া হইল। ইবিডব্লিউজিআর শংসায়ন, বহু পুরনো বর্জ্য, আঁস্তাকুড়ের প্রতিকারকরণ, ইত্যাদি যাহা গ্রামীণ এলাকায় প্রযোজ্য তৎসম্পর্কিত থোক বর্জ্য উৎপাদকগণের ক্রিয়াকলাপ চিহ্নিতকরণ ও নিবন্ধীকরণের জন্য গ্রাম পঞ্চায়েতসমূহের সার্বিক তত্ত্বাবধানের বিষয় অন্তর্ভুক্ত হইবে। বর্তমানে, প্রায় ১,৭০০ ইউএলবি সিপিসিবি-এর ইপিআর পোর্টালে নিবন্ধীকৃত করা হইয়াছে। রাজ্য ইপিআর পোর্টালে সকল ইউএলবি-এর শ্রেণীকরণ প্রণালীতে নিবন্ধীকরণের জন্য নির্দেশ দিবেন।

১২। ভারত সংঘের দ্বারা দাখিলকৃত সাম্প্রতিক স্থিতি প্রতিবেদনের সংযোজনী ৮ ও সংযোজনী ৯ রাজ্যসমূহ বা সংঘশাসিত রাজ্যক্ষেত্রসমূহের দ্বারা প্রত্যুত্তরের জন্য তদ্দ্বারা উপস্থাপিত চিহ্নিত প্রতিবন্ধকসমূহ ও অভিকার্য নকশার সংকলন সম্পর্কে প্রেষণ করা হইয়াছে। সংঘের সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহ আজ হইতে ত্রিশ দিনের মধ্যে এই বিচার্যবিষয় উত্থাপন করিবেন ও প্রতিবন্ধকসমূহ সম্পর্কে প্রত্যুত্তর দিবেন। এমওইএফসিসি-এর সচিব সকল বিভাগের জন্য ও পক্ষে প্রতিবেদনসমূহ দাখিলের জন্য নোডাল সচিবরূপে বিবেচিত হইবেন। দ্য এসডব্লিউএম নিয়মাবলী, ২০২৬-এর অবেক্ষণ, প্রয়োগ ও কার্যান্বয়ন নিজ নিজ বিভাগসমূহ করিবে এবং উহার সচিবগণের কার্য হইবে রাজ্যসমূহ কর্তৃক প্রেরিত প্রতিবেদনসমূহ প্রেরণ করা, পাশাপাশি নিজ নিজ বিভাগসমূহের ঐ প্রতিবেদন খুঁটিয়া দেখিয়াছেন বা পরীক্ষা করিয়া দেখিয়াছেন তৎসম্পর্কে উহার সংক্ষিপ্তসার এই আদালতে উপস্থাপন করিবেন।

১৩। পর্যালোচনাকালে, ইহা উল্লেখ করা হইয়াছে যে, বর্তমানে, কঠিন বর্জ্য ব্যবস্থাপনা প্রকল্পসমূহের অগ্রগতির জন্য প্রশাসনিক অনুমোদনে বিলম্ব হইতেছে ও আসঞ্জিত হইতে পারে

AUTHENTICATED BY ME
Mahatmen Tudu
07.07.2026
BENGALI TRANSLATOR
LAW DEPARTMENT
GOVT. OF WEST BENGAL

না। স্বচ্ছ ভারত অভিযান-নগর (এসবিএম-ইউ)-এর জন্য এমওএইচইউএ-এর নির্দেশিকার প্রতি আমাদের মনোযোগ আকর্ষন করা হইয়াছে। তিনটি স্তর রহিয়াছে এবং এসবিএম-ইউ-এর জন্য গৃহীত প্রণালীবিদ্যার বিবেচনা করা হইয়াছে এবং আমাদের অভিমতে কঠিন বর্জ্য ব্যবস্থাপনা প্রকল্পসমূহ এসবিএম-ইউ অনুসারে গৃহীত ও অনুমোদিত হইয়াছে। ফলস্বরূপ, আমরা নির্দেশ দিয়াছি যে, তিনটি স্তর, ইউএলবি হইতে রাজ্য সরকারসমূহ হইতে কেন্দ্রীয় সরকার, স্বচ্ছ ভারত অভিযান-নগরের অধীনে প্রযুক্তির মাধ্যমে কাগজপত্রবিহীন প্রণালীতে সুসংহত হইবে। ইহার জন্য কাউন্সিলের বা অন্য কোন ফোরাম বা প্রাধিকারের অন্য কোন অনুমোদনের আবশ্যক হইবে না। অনুরূপ একটি কাগজপত্রবিহীন, প্রযুক্তিচালিত অতিরিক্ত সময়সাপেক্ষ অনুমোদন পদ্ধতি সকল রাজ্য সরকারসমূহ দ্বারা এসবিএম-ইউ ভিন্ন কোন উৎসের মাধ্যমে অর্থায়িত সকল কঠিন বর্জ্য ব্যবস্থাপনা প্রকল্পসমূহের জন্য ব্যবহৃত হইতে পারে। জাতীয় উপদেষ্টা ও পুনর্বিলোকন কমিটি (''এনএআরসি'')-এর দ্বারা প্রকল্পসমূহ একবার অনুমোদিত হইলে, ডিপিআর প্রস্তুতিসমূহ ও প্রায়োগিক অনুমোদনসমূহ রাজ্যের ক্ষমতাপন্ন প্রাধিকারীগণকে অবশ্যই প্রত্যাভিযোজিত করিতে হইবে, যাহাতে কঠিন বর্জ্য ব্যবস্থাপনা প্রকল্পসমূহের জন্য ঐরূপ অনুমোদনসমূহে তিনটি স্তরের অধিক জড়িত হইবে না। নিজ নিজ সাধারণ বিত্তীয় নিয়মাবলী (জিএফআর) যথাযোগ্যভাবে বিবেচনা করা যাইতে পারে। এনএআরসি দ্বারা প্রকল্পসমূহ একবার অনুমোদিত হইলে, রাজ্যের অনুরূপ শেয়ার অবশ্যই প্রস্তুত রাখিতে হইবে যাহাতে উহা প্রদানে বিলম্ব এড়ানো যায়।

১৪। সংঘ, সংঘশাসিত রাজ্যক্ষেত্রসমূহ ও রাজ্যসমূহের দ্বারা সম্মুখীন হওয়া বিত্তীয় অসুবিধাসমূহ সম্পর্কে আমাদের নজরে আনা হইয়াছে। আমরা দ্য এসডব্লিউএম নিয়মাবলী, ২০২৬ অনুযায়ী অনুপালনসম্বন্ধী প্রতিবেদন করিতে বিত্তীয় চ্যালেঞ্জসমূহ সংক্রান্ত রাজ্যসমূহের দ্বারা অভিব্যক্ত চ্যালেঞ্জসমূহ ও অভিমতসমূহ অভিলিখিত করিয়াছি। এসডব্লিউএম নিয়মাবলী, ২০২৬-এর কার্যান্বয়নের জন্য বিত্তীয় প্রাপ্তিসাধ্যতার উদ্দেশ সম্পর্কেঃ

১৪.১। এসবিএম-ইউ এবং এসবিএম-গ্রামীণ নিধিসমূহ রাজ্যসমূহের নিকট স্থানীয় সংস্থাসমূহে এসডব্লিউএম প্রকল্পসমূহের কার্যান্বয়নের জন্য প্রাপ্তিসাধ্য হইবে। এই নিধিসমূহের সময়মতো ও সম্পূর্ণ সদ্ব্যবহার রাজ্য সরকারসমূহের আজ্ঞাধীন।

১৪.২। বহু রাজ্য দ্য এসডব্লিউএম এবং অনাময়ব্যবস্থা সংক্রান্ত ক্রিয়াকলাপের অনুপূরকের জন্য তাহাদের নিজস্ব রাজ্য বাজেটের ব্যবস্থা করিয়াছেন।

১৪.৩। বহু রাজ্য কার্যকরীভাবে অনাময়সংক্রান্ত ব্যয়ের জন্য বিত্ত কমিশনের নিকট হইতে নিধিসমূহের আদেশ পাইতে সমর্থ হইয়াছেন।

AUTHENTICATED BY ME
Mahatman Tudu
07.07.2026
BENGALI TRANSLATOR
LAW DEPARTMENT
GOVT. OF WEST BENGAL

১৪.৪। বৃহৎ ইউএলবিসমূহ কর্পোরেটের নিকট হইতে সিএসআর সহায়তা আনিতেও সমর্থ হইয়াছে। জৈব-সিবিজি বর্তমানে বহু পিএসইউ-এর নিকট হইতে আগ্রহ দেখিতে পাইতেছে। রাজ্যসমূহ সম্পূর্ণভাবে উহার উদ্দেশ্যসাধন করিতে পারিবেন।

১৪.৫। রাজ্য সরকারসমূহের দ্বারা আঞ্চলিক বা ক্লাস্টার ভিত্তিতে এসডব্লিউএম-এর জন্য বৃহৎ পিপিপি প্রকল্পসমূহের প্রস্তুত করা যাইতে পারে এবং এমওএইচইউএ দ্বারা সম্প্রতি চালু হওয়া নগর চ্যালেঞ্জ নিধি (ইউসিএফ) হইতে নিধিসমূহ প্রাপ্তিসাধ্য করা যাইতে পারে।

১৪.৬। রাজ্যসমূহের উচিত বহুধা নিধি উৎসসমূহের সমকেন্দ্রাভিমুখী করিয়া অনাময়ব্যবস্থা ও এসডব্লিউএম সম্পর্কে পরিকল্পনা করা। বিশেষ করিয়া গ্রামীণ এলাকাসমূহে, রাজ্যসমূহকে তাহাদের স্বীয় সংস্থান হইতে পর্যাপ্ত বিধান করিতে হইবে, যাহাতে গ্রাম পঞ্চায়েতসমূহ এই ক্রিয়াকলাপ চালাইয়া যাইতে পারে।

১৫। উপরোক্ত বিষয়ে, আমরা এমওএইচইউএ-র সচিবকে মুখ্য সচিবগণকে লইয়া বৈঠক আহ্বান করিবার নির্দেশ দিতেছি এবং স্থানীয় সংস্থাসমূহের দ্বারা সম্মুখীন হওয়া বিত্তীয় সমস্যাকে কীভাবে উদ্দেশ করা যায় ও ভারত সংঘ রাজ্যসমূহ বা সংঘশাসিত রাজ্যক্ষেত্রসমূহকে কতদূর পর্যন্ত সহায়তা করিতে পারিবেন তৎসম্পর্কে সংকল্প এই আদালতের সমক্ষে স্থাপনেরও নির্দেশ দিতেছি।

১৬। স্থানীয় সংস্থাসমূহে অপর্যাপ্ত মানব সম্পদ সম্পর্কে এই আদালতের নজরে আনা হইয়াছে। আমরা দেশের জনসংখ্যা বৃদ্ধির বিষয়টি এবং সকল তিনটি স্তরে যেমন - গ্রাম, পৌর ও নিগমের স্তরে বৃদ্ধিপ্রাপ্ত জনসংখ্যার ঘনত্ব সম্পর্কে অভিলিখিত করিয়াছি।

১৭। বর্তমানে, রাজ্য সরকারসমূহের দ্বারা মানব সম্পদ বাড়ানো বা উহার উপায়, বৃদ্ধিপ্রাপ্ত জনসংখ্যার সমপরিমাণ ও সমানুপাতিক ও কঠিন বর্জ্যের উত্তরোত্তর বৃদ্ধির প্রশংসা করা অবান্তর। সেইজন্য, আমরা রাজ্যসমূহকে বা সংঘশাসিত রাজ্যক্ষেত্রসমূহকে চিহ্নিত শূন্যপদসমূহ সময়বদ্ধ প্রণালীতে পূরণ করিবার জন্য নগর ও গ্রামীণ স্থানীয় সংস্থাসমূহে অনুমোদিত ও প্রাপ্তিসাধ্য লোকবল সম্পর্কে পুনর্বিলোকন করিবার নির্দেশ দিতেছি। রাজ্যসমূহ বা সংঘশাসিত রাজ্যক্ষেত্রসমূহ এসডব্লিউএম ও অনাময়ব্যবস্থা পরিষেবা প্রদানের জন্য তাহাদের স্বীয় সংস্থান হইতে অর্থের সংস্থান করিয়া গ্রামীণ স্থানীয় সংস্থাসমূহে সমর্পিত কর্মীবৃন্দকে সৃজন করিবার বিবেচনা করিতে পারেন এবং তদ্দ্বারা গ্রামীণ স্থানীয় সংস্থাসমূহের প্রায়োগিক সামর্থ্যের বিকাশ ঘটাইতে পারিবেন। গ্রাম পঞ্চায়েতসমূহ যথাযোগ্য কর্মীবর্গকে সমনুদেশিত করিবার জন্য জনসংখ্যা অনুসারে প্রবর্গকৃত হইবে

AUTHENTICATED BY ME
Mahasman Tudu
07.07.2026
BENGALI TRANSLATOR
LAW DEPARTMENT
GOVT. OF WEST BENGAL

এবং প্রত্যেক গ্রাম পঞ্চায়েতে অন্ততঃ একজন পঞ্চায়েত সচিব ও প্রায়োগিক সহায়ক থাকিবে। এসবিএম-ইউ-এর অধীনে রাজ্যের অনুরূপ শেয়ারের উপর, রাজ্যের উচিত স্থানীয় সংস্থাসমূহের স্বল্পমেয়াদী ও দীর্ঘমেয়াদী সামর্থ্য সৃজনের জন্য প্রয়োজনীয় হস্তক্ষেপ করা।

১৮। এমওইএফসিসি-র সচিবকে একাধিকৃতভাবে মুখ্য সচিবগণকে লইয়া বহু পুরনো বর্জ্য বিষয়সমূহের সম্পর্কে দায়িত্ব গ্রহণ করিবার, তাঁহাদের প্রত্যুত্তর গ্রহণ করিবার ও এতৎপক্ষে কৃত পুনঃনির্দেশের বিষয়ে প্রতিবেদন পেশ করিবার নির্দেশ দেওয়া হইল।

১৯। প্রথম দফার অগ্রগতি সম্পর্কে ২৫.০৫.২০২৬ তারিখে নজরদারি করা হইয়াছে ও পরবর্তীতে ১৫.০৭.২০২৬ তারিখে নজরদারি করা হইবে। ভ্রাম্যমাণ আদালতসমূহের স্থাপন ১৫.০৭.২০২৬ তারিখে পক্ষগণের শুনানির পর পরীক্ষিত হইবে।

২০। এই আদালতের আদেশসমূহ নিজ নিজ রাজ্যসমূহের আঞ্চলিক ভাষায় অনূদিত হইল এবং এই আদেশের সফ্‌ট প্রতিলিপিসহ অনূদিত প্রতিলিপি সংশ্লিষ্ট সকলের জন্য প্রচারিত হইল।

২১। রাজ্যসমূহের দ্বারা দাখিলকৃত অনুপালন প্রতিবেদনসমূহের প্রশংসাক্রমে আমাদের নজরে আসিল যে, নিম্নলিখিত বিন্দুসমূহের বিষয়ে, রাজ্য সরকারসমূহ কার্যান্বয়ন করিয়াছেন ও উভয়থার দ্বারা আরও ব্যবস্থগ্রহণের জন্য এমওএইচইউএ-র সচিব ও এমওইএফসিসি-র সচিবের নিকট স্থিতি প্রতিবেদন পেশ করিয়াছেন ঃ

(ক) স্থানীয় স্বশাসিত সরকারসমূহ (''এলএসজিসমূহ'') অবশ্যই বিডব্লিউজিসমূহের বিষয়ে ফোকাসসহ উৎস পৃথকীকরণের প্রবর্তন করিবেন। দ্বারে দ্বারে গিয়া বর্জ্য উৎপাদকগণকে চিহ্নিতকরণ, অ-অনুপালক উৎপাদকগণের সাফাই অবেক্ষকসহ, করা যাইতে পারে। বিডব্লিউজিসমূহের বিষয়ে ফোকাস সম্পূর্ণ ও যথাযথ হইবার প্রয়োজন রহিয়াছে।

(খ) এলএসজিসমূহকে বর্জ্য সংগ্রহের ব্যবস্থাকে উন্নত করিতে হইবে এবং বর্জ্যসমূহের মাধ্যমিক পরিবহনের জন্য পরিবহনকালে সম্পূর্ণ আচ্ছাদিত যানসমূহের ব্যবহার করিতে হইবে।

(গ) এলএসজিসমূহ অবশ্যই আবর্জনা যত্রতত্র ফেলিবার স্থানসমূহ চিহ্নিত

AUTHENTICATED BY ME
Mahatman Tudu
07.07.2026
BENGALI TRANSLATOR
LAW DEPARTMENT
GOVT. OF WEST BENGAL

করিবেন এবং সংমিশ্র দন্ডসমূহ প্রয়োগ করিয়া তথায় যে উহার আর পুনরাবৃত্তি হইতেছে না ইহা সুনিশ্চিত করিবেন এবং সংগ্রহ ব্যবস্থার উন্নতিসাধন করিবেন।

(ঘ) সকল জনবহুল এলাকা যেগুলি আবর্জনাপ্রবণ সেগুলি চিহ্নিত করিতে হইবে এবং তাহার সমাধানের জন্য যৌথ পদক্ষেপ গ্রহণ করিতে হইবে, যেমন- স্বচ্ছতা মার্শাল (এলাকার স্থানীয় টহলদার), বিক্রেতাদের মধ্যে কঠোরভাবে বলবৎকরণ, দিনে দুইবার ঝাড়ু দেওয়া, মরসুমি আবশ্যকতা অনুসারে অতিরিক্ত লোকবল, প্লাস্টিক নিষিদ্ধ এলাকা ও উহার বলবৎকরণ, ইত্যাদি।

(ঙ) সকল প্রকারের বর্জ্যের প্রক্রিয়াকরণে বিশেষীকরণসহ কঠিন বর্জ্য ব্যবস্থাপনার জন্য বিশেষ উদ্দেশ্যসাধক যানের ব্যবস্থা রাখিতে হইবে। বর্জ্যের প্রাথমিক সংগ্রহ ও পরিবহনকার্য ইউএলবিসমূহের বাধ্যতামূলক কার্যের মধ্যে পড়ে, প্রক্রিয়াকরণ জনিত্রসমূহের সুষ্ঠুভাবে চালনা এসপিভিসমূহের বিশেষিত কার্যের ক্ষেত্র হইতে পারে। উত্তম কাঠামোযুক্ত কেপিআইসমূহ অনুসারে বর্জ্য সংগ্রহ ও পরিবহনের কার্য এসপিভি-র নিকট হস্তান্তরিত করা যাইতে পারে।

(চ) ইউএলবিসমূহ অবশ্যই কার্যকরী শহর পরিচ্ছন্নতা ও কঠিন বর্জ্য ব্যবস্থাপনার জন্য উহাদের মোট অর্থের অন্ততঃ ৩০ শতাংশ নামোদ্দিষ্ট করিবেন।

(ছ) শহর পরিচ্ছন্নতা অগ্রাধিকারপ্রাপ্ত হওয়ায়, রাজ্যসমূহ বা সংঘশাসিত রাজ্যক্ষেত্রসমূহ অবশ্যই ওয়ার্ড পরিচ্ছন্নতাবিষয়ক বিন্যাস প্রকাশ করিবেন, যাহা কোন ওয়ার্ডকে প্রোৎসাহন করিবার মাপকাঠি হইবে। ওয়ার্ডের সদস্য বা কাউন্সিলর বা কর্পোরেটর স্বেচ্ছাসেবী সদস্যরূপে ওয়ার্ডের বাছাই করা সদস্যগণসহ কোন ওয়ার্ড স্বচ্ছ কমিটির সাহায্যে এই ক্রিয়াকলাপ করিতে অগ্রনী ভূমিকা পালন করিবেন।

(জ) শহর অবশ্যই পরিকল্পিত সম্প্রসারণের সকল নূতন এলাকাসমূহে বর্জ্য ব্যবস্থাপনা এলাকাসমূহের নামোদ্দিষ্ট করিবেন।

(ঝ) বর্জ্য ফেলা যাইবে না বা বহু পুরনো কোন আঁস্তাকুড় থাকিবে না। পরিত্যক্তবস্তু কেবল অনাময় ও বিজ্ঞানসম্মতভাবে মাটিতে পুঁতিয়া দেওয়ার অনুমতি দেওয়া যাইতে পারে। বিকেন্দ্রীভূত বর্জ্য ব্যবস্থাপনা স্থান সম্পর্কে শিশু ও অন্য নাগরিকগণকে শিক্ষা দিতে হইবে।

AUTHENTICATED BY ME
Mahatman Tudu
07.07.2026
BENGALI TRANSLATOR
LAW DEPARTMENT
GOVT. OF WEST BENGAL

(ঞ) সকল ওয়ার্ডের ওয়ার্ড আরআরআর কেন্দ্র (হ্রাসকরণ-পুনঃব্যবহার-পুনর্ব্যবহারযোগ্য) থাকিবে, যাহাতে নাগরিকগণ তাঁহাদের ব্যবহৃত উপাদান, বৈদ্যুতিন উৎপাদ, জামাকাপড়, বই, ইত্যাদি প্রদানের জন্য উহার ব্যবহার করিতে পারেন।

(ট) প্রত্যেক বড় শহরকে শিল্প-কারখানার সহিত যুক্ত হইতে হইবে যাহাতে উপাদান পুনরুদ্ধার কেন্দ্র, প্লাস্টিকসমেত, পুনর্ব্যবহারযোগ্য উপাদান সংগ্রহের প্রধান স্থান হইতে পারে এবং শহরটি উহা হইতে প্রসারিত উৎপাদক দায়িত্ব শংসাপত্র সঞ্জাত করিতে পারে।

২২। নগর, গ্রামীণ ও এমওইএফসিসি মন্ত্রণালয়সমূহকে রাজ্য বা ইউটি ও তাহাদের স্থানীয় সংস্থাসমূহ দ্বারা সম্পাদিত হইবার জন্য ''স্বল্পমেয়াদী,'' ''মধ্যমমেয়াদী'' ও ''দীর্ঘমেয়াদী'' উদ্দেশ্য প্রদর্শিত করিবার নির্দেশ দেওয়া হইল। সংশিষ্ট মন্ত্রণালয়সমূহ ২৪শে মে, ২০২৬ তারিখের মধ্যে নিম্নলিখিত আকারে রাজ্য বা ইউটি ও তাহাদের স্থানীয় সংস্থাসমূহের দ্বারা সম্পাদনের শতাংশের বিষয়ে পৃথক পৃথক সংক্ষিপ্তসার বিবৃতি পেশ করিবেন ঃ

**নগর স্থানীয় সংস্থাসমূহ দফা ১ অভীষ্ট লক্ষ্য**

| রাজ্য | অভীষ্ট লক্ষ্য | অর্জিত শতাংশ | মন্তব্য |
|---|---|---|---|
| আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ | | | |
| অন্ধ্রপ্রদেশ | | | |
| অরুণাচল প্রদেশ | | | |
| আসাম | | | |
| বিহার | | | |
| চণ্ডীগড় | | | |
| ছত্তিশগড় | | | |
| দাদরা ও নগর হাভেলি এবং দামন ও দিউ | | | |
| দিল্লী (এনসিটি) | | | |
| গোয়া | | | |
| গুজরাট | | | |
| হরিয়ানা | | | |
| হিমাচল প্রদেশ | | | |

AUTHENTICATED BY ME
Mahatman Tudu
07.07.2026
BENGALI TRANSLATOR
LAW DEPARTMENT
GOVT. OF WEST BENGAL

জম্মু ও কাশমীর
ঝাড়খন্ড
কর্ণাটক
কেরালা
লাদাখ
লাক্ষাদ্বীপ
মধ্যপ্রদেশ
মহারাষ্ট্র
মণিপুর
মেঘালয়
মিজোরাম
নাগাল্যান্ড
ওড়িশা
পুদুচেরী
পাঞ্জাব
রাজস্থান
সিকিম
তামিলনাডু
তেলেঙ্গানা
ত্রিপুরা
উত্তরপ্রদেশ
উত্তরাখন্ড
পশ্চিমবঙ্গ

**গ্রামীণ স্থানীয় সংস্থাসমূহ দফা ১ অভীষ্ট লক্ষ্য**

| রাজ্য | অভীষ্ট লক্ষ্য | অর্জিত শতাংশ | মন্তব্য |
|---|---|---|---|
| আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ | | | |
| অন্ধ্রপ্রদেশ | | | |
| অরুণাচল প্রদেশ | | | |
| আসাম | | | |
| বিহার | | | |

AUTHENTICATED BY ME
Mahatman Tudu
07.07.2026
BENGALI TRANSLATOR
LAW DEPARTMENT
GOVT. OF WEST BENGAL

চন্ডীগড়
ছত্তিশগড়
দাদরা ও নগর হাভেলি
এবং দামন ও দিউ
দিল্লী (এনসিটি)
গোয়া
গুজরাট
হরিয়ানা
হিমাচল প্রদেশ
জম্মু ও কাশ্মীর
ঝাড়খন্ড
কর্ণাটক
কেরালা
লাদাখ
লাক্ষাদ্বীপ
মধ্যপ্রদেশ
মহারাষ্ট্র
মণিপুর
মেঘালয়
মিজোরাম
নাগাল্যান্ড
ওড়িশা
পুদুচেরী
পাঞ্জাব
রাজস্থান
সিকিম
তামিলনাড়ু
তেলেঙ্গানা
ত্রিপুরা
উত্তরপ্রদেশ
উত্তরাখন্ড
পশ্চিমবঙ্গ

AUTHENTICATED BY ME
Mahatman Tudu
07.07.2026
BENGALI TRANSLATOR
LAW DEPARTMENT
GOVT. OF WEST BENGAL

২৩। রেজিস্ট্রিকে ১৯.০২.২০২৬ তারিখের আদেশের প্রতিলিপি হাইকোর্টসমূহের রেজিস্ট্রার জেনরল বা রেজিস্ট্রারগণকে দ্য এসডব্লিউএম নিয়মাবলী, ২০২৬ কার্যান্বয়নে বিচারিকবর্গের প্রতিষ্ঠানরূপে যথাযোগ্য ব্যবস্থাগ্রহণের জন্য সংজ্ঞাপন করিবার নির্দেশ দেওয়া হইল।

২৪। ২৫.০৫.২০২৬ তারিখে ১০টা ৩০ মিনিটের সূচী।

**(নিধি মাথুর)**
**কোর্ট মাস্টার (এন এস এইচ)**

**(গীতা আহুজা)**
**উপ রেজিস্ট্রার**

AUTHENTICATED BY ME
Mahatmen Tudu
07.07.2026
BENGALI TRANSLATOR
LAW DEPARTMENT
GOVT. OF WEST BENGAL

## ভারতের সুপ্রীম কোর্টে
## দেওয়ানী আপীলসম্বন্ধী ক্ষেত্রাধিকার

**২০২৩-এর দেওয়ানী আপীল নং ৬১৭৪**

**ভুপাল পৌর নিগম** — **আপীলকারী (সমূহ)**

**বনাম**

**ডঃ সুভাষ সি. পাণ্ডে ও অন্যান্য** — **প্রতিবাদী (সমূহ)**

**সহ**

**২০২৩-এর দেওয়ানী আপীল নং ৭৭২৮**

১। জাতির জনক মহাত্মা গান্ধী দৃঢ়ভাবে বিশ্বাস করিতেন যে, যাঁরা সততার সহিত ও আন্তরিকভাবে পরিশ্রম করেন, তাঁদের বাঁচিয়া থাকিবার জন্য প্রয়োজনীয় জীবিকা (ব্যক্তিগত হউক বা প্রাতিষ্ঠানিক হউক) হইল ন্যায্য পুরস্কার। তাঁহার বিখ্যাত উক্তি, ''যে ব্যক্তি শারীরীক পরিশ্রম ছাড়াই ভোজন করেন, তিনি আসলে চুরি করা অন্ন ভোজন করেন। ভগবান মানুষকে তাঁহার অন্ন সংস্থানের জন্য সৃষ্টি করিয়াছেন; যে ব্যক্তি শারীরীক পরিশ্রম করেন না, তাঁহার কোন আহার পাইবার অধিকার নাই'', এই বিশ্বাসকে তুলিয়া ধরা।

২। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (''এমওইএফসিসি'')-এর অতিরিক্ত অধিকর্তা ডঃ অমিত লোব-এর ২২.০৫.২০২৬ তারিখের শপথপত্র ও শপথপত্রের সহিত সহগমিত পরিশিষ্টসমূহ আকাঙ্খা ও ইচ্ছাকে প্রকট করিয়াছে, এবং ঐ নির্বাহী আধিকারিক দ্য এসডব্লিউএম নিয়মাবলী, ২০২৬-এর কার্যান্বয়নের জন্য সর্বোত্তম পদক্ষেপ করিয়াছেন। এক্ষণে, গৃহীত পদক্ষেপের সফলতা ভারত সংঘের সচিবগণ, যাঁহারা সময়ে সময়ে জারিকৃত আদেশসমূহের কার্যান্বয়নে এই আদালতকে সহায়তা করিবেন, তাঁহাদের দ্বারা নিবদ্ধ তফসিল ও পথনির্দেশক নকশার বিষয়ে মোড় ঘুরাইয়া দিয়াছে। ঈপ্সিত লক্ষ্য সম্পূর্ণ করিবার জন্য চলতি প্রচেষ্টায় বাধা ও দৃঢ়সংকল্প উভয়থা প্রয়োজন। এই আদালতের দ্বারা উপরোক্ত বিষয়ের প্রয়োগ সম্পর্কে নজরদারি করিবার কতিপয় সুবিধা আছে এবং উহা অন্য কোন বিশেষজ্ঞ তৃতীয় পক্ষের উপর ন্যস্ত করা কতিপয় পরিচালনাগত অসুবিধার সৃষ্টি হইত। সেইজন্য, সংঘ ও রাজ্যসমূহ / ইউটিসমূহের মধ্যে উদ্ভূত পরিস্থিতির উপযুক্ততায় ও পরিকল্পের রূপায়ণ নিরবচ্ছিন্নকরণে, ভারত সংঘের সচিবগণ যাঁহাদের নির্বাহিক ক্ষমতা, পরিচালনাগত সহায়তা ও সমাদেশ এবং দেশের মধ্যে বিভাগসমূহের নিয়ন্ত্রণ রহিয়াছে তাঁহাদিগকে লইয়া একটি কমিটি গঠিত হইবে, যে কমিটি সুপ্রীম কোর্ট কর্তৃক ক্ষমতাদত্ত নজরদারি কমিটি (''এসসিএমসি'') নামে অভিহিত হইবে এবং যাহার কার্য হইবে দ্য এসডব্লিউএম নিয়মাবলী, ২০২৬-এর কার্যান্বয়ন করা। এসসিএমসি ভারত সংঘের ও কেন্দ্রীয় দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের নিম্নলিখিত সচিবগণকে লইয়া গঠিত হইবে ঃ-

AUTHENTICATED BY ME
Mahatman Tudu
07.07.2026
BENGALI TRANSLATOR
LAW DEPARTMENT
GOVT. OF WEST BENGAL

(ক) সচিব, আবাসন ও নগরবিষয়ক মন্ত্রণালয় (''এমওএইচইউএ'');

(খ) সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়;

(গ) সচিব, জল শক্তি মন্ত্রণালয়ের পানীয় জল ও অনাময়ব্যবস্থা বিভাগ;

(ঘ) সচিব, পঞ্চায়েতী রাজ;

(ঙ) সচিব, গ্রামীণ উন্নয়ন মন্ত্রণালয়,

(চ) সদস্য সচিব, কেন্দ্রীয় দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ (''সিপিসিবি'')।

৩। জ্যেষ্ঠতম সচিব এসসিএমসি-এর সভাপতি হইবেন এবং সদস্য-সচিব আহ্বায়ক হইবেন সিপিসিবি-র সদস্য সচিব। এসসিএমসি-র সদস্যগণ প্যান-ইন্ডিয়া কর্মসম্পাদন ও দ্য এসডব্লিউএম নিয়মাবলী, ২০২৬-এর কার্যান্বয়নের জন্য দায়ী হইবেন।

৪। আমাদের পূর্বতর আদেশসমূহ সম্পর্কে, নিরবচ্ছিন্ন পরমাদেশমূলক আদেশসমূহ নিষ্পাদনে বিশ্বাস স্থাপনক্রমে সাংবিধানিক লক্ষ্যের অগ্রনয়নে জারিকৃত হইতেছে। আমাদের পরিবেশের উৎকর্ষসাধনের জন্য প্রত্যেকেই অংশদান করেন। আমরা স্বীকার করিতেছি যে, বিদ্যমান আইন কার্যকরী ও অর্থপূর্ণ হইবে, ইহাতে স্থানীয় সংস্থার আধিকারিকগণের ও পদাতিক সৈনিকবর্গের এবং কঠিন বর্জ্য বিষয়ে সকল প্রত্যক্ষ ও অপ্রত্যক্ষ অংশদানকারীদের প্রকৃত ক্ষমতা রহিয়াছে, তাঁহাদের জীবনযাপন ও ক্রিয়াকলাপের মাধ্যমে অংশদানের স্তর যাহাই হউক না কেন।

৫। মহাত্মা গান্ধীর ঐ উদ্ধৃতি প্রত্যেকেই গভীরভাবে বিবেচনা করেন কিনা তৎসম্পর্কে প্রশ্ন উঠিবেই এবং বর্তমান পরিস্থিতির প্রেক্ষাপট অনুযায়ী উহা গ্রহণ করা সম্পর্কে, পরবর্তী আহার ও বেতন গ্রহণ করিবার যোগ্যতা কোন ব্যক্তির আছে কিনা তৎসম্পর্কে এবং পরিবেশ রক্ষা ও পরিরক্ষার প্রাথমিক কৃত্য সম্পাদন না করিয়া তাহা গ্রহণ করা যায় কিনা তৎসম্পর্কে প্রশ্ন উঠিবেই।

৬। এসসিএমসি-কে দ্য এসডব্লিউএম নিয়মাবলী, ২০২৬ ও এই আদালতের আদেশসমূহের কার্যান্বয়নের জন্য আবশ্যক সকল প্রাথমিক, সহায়ক ও তদানুষঙ্গিক নির্দেশসমূহ অবেক্ষণ, নজরদারি ও জারি করিবার জন্য উৎসর্জন ও প্রাধিকৃত করা হইল।

AUTHENTICATED BY ME
Mahatman Tudu
07.07.2026
BENGALI TRANSLATOR
LAW DEPARTMENT
GOVT. OF WEST BENGAL

৭। এই কৃত্যসমূহের সম্পাদন সুনিশ্চিত করিবার জন্য এই আদেশে সাতটি নির্দেশ দেওয়া হইল।

**ভাগ-১**

৮। এসসিএমসি অগ্রাধিকার ভিত্তিক যেরূপ রচিত হইবে সেরূপ গঠনপ্রণালীগত পুনর্বিলোকন তফসিলের বিষয়ে বিশেষ কার্যসাধনগোষ্ঠীর নজরদারি করিবেন ও বলবৎ করিবেন।

৯। নজরদারি করিবার অভীষ্ট লক্ষ্য হইল (i) কার্যান্বয়নে নিরবচ্ছিন্নতা ও সমঞ্জসতা, (ii) এসডব্লিউএম নিয়মাবলী, ২০২৬-এর যথাযথ ও সময়ে কার্যান্বয়ন, (iii) যথাযোগ্য স্তরে দায়িত্ব স্থির করা, (iv) এই আদালতে সম্পূর্ণ প্রক্রিয়াটিকে জবাবদিহিমূলক করিয়া তোলা।

১০। এই আদালতের আদেশসমূহ যেহেতু অভীষ্ট লক্ষ্যের ফলাফল অর্জনের জন্য দায়িত্ব স্থির করে, সেহেতু এই আদালতের অভিমত হইল যে, স্বচ্ছ ভারত অভিযানের বিদ্যমান আধিকারিকগণের নেতৃত্বে, পদধারীর চাকরি হইতে অবসরের ক্ষেত্রে ব্যতীত, বাধাপ্রাপ্ত হইবে না। এসসিএমসি-কে ব্যতিক্রমী ক্ষেত্রে বা সংশ্লিষ্ট আধিকারিকের কর্মসম্পাদনে ব্যত্যয়ের ক্ষেত্রে রাজ্যসমূহ হইতে নেতৃত্বের পরিবর্তনে বিবেচনা করিবার স্বাধীনতা দেওয়া হইয়াছে।

**ভাগ-২**

১১। এসসিএমসি দ্য এসডব্লিউএম নিয়মাবলী, ২০২৬-এর উল্লঙ্ঘন করে এরূপ কঠিন বর্জ্য পরিবহন ও আবর্জনা ফেলিবার অপ্রাধিকৃত ও অবৈধ উৎসসমূহের চিহ্নিত করিবার জন্য জেলা সমাহর্তাগণকে বিশেষভাবে নির্দেশ জারি করিবেন। তাহার পরবর্তীতে, জেলা সমাহর্তাগণ সুনিশ্চিত করিবেন যে, ঐ নিয়মাবলী উল্লঙ্ঘনকারী যানসমূহ ও উহার চালকগণের বিরুদ্ধে দন্ডনীয় ব্যবস্থাগ্রহণ সমেত সকল প্রকারের ব্যবস্থাগ্রহণ করা হইয়াছে।

১২। জেলা সমাহর্তাগণের ওয়েবসাইটে সমস্যা, কার্যান্বয়ন ও অগ্রগতির বিষয়ে পৃথক পৃষ্ঠা রাখিবার জন্য এসসিএমসি কর্তৃক জেলা সমাহর্তাগণ নির্দেশিত হইবেন। উহাতে বহু পুরনো বর্জ্য ও কঠিন বর্জ্যের অ-সঞ্জাতকরণ, পুনঃসঞ্জাতকরণ ও সঞ্জাতকরণের চিত্রসমূহ আপলোড করিবার সুযোগও রাখিতে হইবে।

AUTHENTICATED BY ME
Mahatman Tudu
07.07.2026
BENGALI TRANSLATOR
LAW DEPARTMENT
GOVT. OF WEST BENGAL

১৩। এসসিএমসি নব্যপ্রবর্তনমূলক কার্যের আহ্বান করিতে পারিবেন এবং জেলা সমাহর্তাগণকে দক্ষ, আর্থিকপরিচালনগত ও কার্যকর প্রশাসনিক ও প্রায়োগিক সাধনী নিয়োজনের জন্য কৃত্যগত স্বশাসন দিবেন।

**ভাগ-৩**

১৪। কঠিন বর্জ্য ব্যবস্থাপনাবিষয়ক পাঠ্যক্রমের চূড়ান্ত করিবার কার্য না করিবার ফলে তরুণ প্রজন্মকে এই ক্ষেত্রে আনিবার প্রয়াসে বিশাল ব্যপগত দেখা দিবে। কঠিন বর্জ্য বিষয়ে নাগরিক দায়িত্ব ও ব্যবহারিক বোধশক্তিকে লালনপালনের জন্য পাঠ্যক্রমের রচনা অবশ্যই করিতে হইবে।

**ভাগ-৪**

১৫। কোন রাজ্য/সংঘশাসিত রাজ্যক্ষেত্রকে বহু পুরনো বর্জ্যের ব্যবস্থাপনার জন্য এসসিএমসি-এর সমক্ষে কৃত সময়সীমার চেয়ে আরও সময়সীমা বাড়াইবার অনুমতি দেওয়া হইবে না। বর্তমান সকল সত্ত্বার অংশদান কঠিন বর্জ্য ব্যবস্থাপনা নিয়মাবলী, ২০২৬-এর আবশ্যকতা অনুসারে হইবে এবং উহার ব্যত্যয় হইবার ক্ষেত্রে দায়বদ্ধতামূলক কার্যবাহ হইবে। সকল প্রাপ্তিসাধ্য বিজ্ঞানসম্মত ও প্রযুক্তিগত পদ্ধতি ব্যবহার করিয়া বহু পুরনো বর্জ্য নির্মূল করিবার পদক্ষেপ গ্রহণ করিতে হইবে।

**ভাগ-৫**

১৬। এসসিএমসি ভারতীয় রেলপথের সকল মন্ডলকে নির্দেশ জারি করিবেন এবং দ্য এসডব্লিউএম নিয়মাবলী, ২০২৬ অনুযায়ী ভারতীয় রেলপথের দায়দায়িত্ব সম্পর্কে এই আদালতের অভিমত উহাদের জানাইবেন এবং পরবর্তী প্রতিবেদনে ভারতীয় রেলপথের জবাব এই আদালতের সমক্ষে উপস্থাপন করিবেন।

**ভাগ-৬**

১৭। ২২.০৫.২০২৬ তারিখের শপথপত্র হইতে ইহা প্রতীয়মান হয় যে, এই আদেশের প্রতিলিপি স্থানীয় ভাষায় অনূদিত হয় নাই, এবং বিলম্ব না করিয়া এই অভাব পূরণ করিতে হইবে। এই আদালতের আদেশসমূহ অবিলম্বে স্থানীয় ভাষায় অনুবাদ করিতে হইবে এবং এই আদেশের সমগ্র প্রতিলিপিসহ ইহার সফ্‌ট প্রতিলিপিও প্রচার করিতে হইবে।

AUTHENTICATED BY ME
Mahatman Tudu
07.07.2026
BENGALI TRANSLATOR
LAW DEPARTMENT
GOVT. OF WEST BENGAL

১৮। সম্পূর্ণভাবে স্বচ্ছতা বজায় রাখিবার জন্য ২২.০৫.২০২৬ তারিখের শপথপত্র এই আদেশের সহিত সংলগ্ন করা হইল।

ভাগ-৭

১৯। আমরা সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহের দ্বারা গৃহীত পদক্ষেপের জন্য আমাদের সন্তুষ্টি অভিলিখিত করিতেছি এবং প্রকৃত ফলাফল স্বরূপ উহার অনুবাদ করিবার জন্য প্রত্যাশা করিতেছি। অনুপালন সুনিশ্চিত করিবার জন্য আইন অবশ্যই জনগণকে উহার অনুপালনে উৎসাহিত করে, কিন্তু আইন জনগণকে ভয় দেখাইয়া উহার অনুপালনে বাধ্য করে না। যাইহোক, উহার অনুপালনে উৎসাহিতকরণের প্রক্রিয়ায়, আইন অবশ্যই এমন নমনীয়ভাবে বলবৎ হইবে না যে, উহার প্রতি আনুগত্য ও কর্তব্যপরায়ণতা নষ্ট হয়। জেলা সমাহর্তাগণ, কর্পোরেটর ও পঞ্চায়েত সদস্যগণের মাধ্যমে, গণতান্ত্রিক প্রক্রিয়ায় দ্য এসডব্লিউএম নিয়মাবলী, ২০২৬-এর আবশ্যকতার সহিত সাধারণ আসঞ্জনের ক্ষেত্রে প্রত্যেকের অংশগ্রহণ সুনিশ্চিত করিবেন। ভবিষ্যৎ প্রজন্মের জন্য পরিবেশের পুনঃসঞ্জাতকরণে উপযোগী, পুনঃব্যবহার ও পুনর্ব্যবহারযোগ্য বিষয়ে বৃহৎ আকারের অভিযানে ফোকাস করিতে হইবে।

২০। দ্য এসডব্লিউএম নিয়মাবলী, ২০২৬-এর প্রয়োগে এককভাবে দায়িত্বগ্রহণ ও অনুপালনের অর্থ হইল প্রত্যেক ব্যক্তির ও তাঁহার ক্রিয়াকলাপের ফলস্বরূপ দূষণ ঘটিবে, যদিও সকল অংশদানকারীরা প্রত্যাশা করেন যে, উহা অতি অল্পসংখ্যক অনাময়ব্যবস্থাসম্বন্ধী কর্মীরাই সামলাইবেন। এই উপলব্ধি দূর করিতে হইবে এবং বর্জ্য ব্যবস্থাপনার দায়িত্ব সকল অংশদানকারীরই। পরীক্ষামূলক ক্ষেত্রে জেলা সমাহর্তাগণ বিশেষভাবে পরিজনবর্গ ও শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে ব্যাপৃত করিতে পারিবেন, ছাত্রছাত্রীদের পথপ্রদর্শন করা হউক এবং তাঁহাদের নিজ নিজ পরিজনবর্গে পরামর্শদাতা করা হউক এবং প্রত্যেক জেলার বিশেষ সেল এই সম্পর্কে তাহাদিগকে তালিম দিবে। সংবিধান উহার সম্পূর্ণ সক্রিয়শক্তি প্রয়োগ করিতে পারিবে তখনই যখন সকলের অংশগ্রহণ ও অনুপালন সুনিশ্চিত হইবে।

২১। এই আদালত এই আশায় অভিযুক্তি মুলতবি রাখিতেছেন যে, পর্যালোচনামূলক প্রচেষ্টার মাধ্যমে কঠিন বর্জ্য ব্যবস্থাপনা করিবার জন্য কোন অর্থনৈতিক ব্যবস্থা কার্যকর করা হইবে।

২২। ভারতের জন্য প্রচন্ড সম্ভাবনা রহিয়াছে। কিন্তু আমাদের দেশকে কেবল টিকিয়া রাখিলেই চলিবে না, তাহাকে শ্রেষ্ঠরূপে গড়িয়া তুলিতে হইবে, যাহা উহার প্রাপ্য, তাহার জন্য প্রত্যেকেরই উচিত সেই পথে দৃঢ়, অবিচল পদক্ষেপ গ্রহণ করা।

AUTHENTICATED BY ME
Mahatman Tudu
07.07.2026
BENGALI TRANSLATOR
LAW DEPARTMENT
GOVT. OF WEST BENGAL

২৩। সূচীভুক্ত করিবার জন্য মামলা ব্যবস্থাপনা তফসিল ঃ-

| **সপ্তাহ/তারিখ সূচীকৃত হইবে** | **বিষয়সূচী** |
|---|---|
| ৬ই আগষ্ট, ২০২৬ | অন্তর্বর্তী-প্রতিবেদন |
| নভেম্বরের দ্বিতীয় সপ্তাহ | স্বল্পমেয়াদী প্রতিবেদন |
| জানুয়ারির দ্বিতীয় সপ্তাহ | মধ্যমমেয়াদী প্রতিবেদন |
| ১০ই এপ্রিল, ২০২৭ | বার্ষিক প্রতিবেদন |

২৪। তফসিলে যথা-উল্লেখিত, এসসিএমসি কর্তৃক অন্তবর্তী প্রতিবেদন দাখিলের জন্য ০৬.০৮.২০২৬ তারিখের সূচী।

---------------------------------------বিচারপতি
**(পঙ্কজ মিথল)**

---------------------------------------বিচারপতি
**(এস.ভি.এন.ভাট্টি)**

নূতন দিল্লী
২৫শে মে, ২০২৬

AUTHENTICATED BY ME
Mahatman Tudu
07.07.2026
BENGALI TRANSLATOR
LAW DEPARTMENT
GOVT. OF WEST BENGAL